Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

বর্ষ ৪০ সংখ্যা ৫ কলকাতা বুধবার, ২১ অগস্ট ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৪ ভাদ্র ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

### স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে ভারত সরকারের সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট, সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশন, বর্ডার রোডস অর্গানাইজেশন, ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশুওরেন্স (ন্যাভাল) এবং ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল শাখায়। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাও গ্রাহ্য হবে।

মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা এবং সঙ্গে সিভিল

এরপর চোদ্দোর পাতায়

## সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৮ ডিসেম্বর

দেশের সহস্রাধিক কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি টি ই টি) নেওয়া হবে ৮ ডিসেম্বর। পরীক্ষা পরিচালনা করবে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)। এই পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে গোটা দেশের সমস্ত কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় এবং সেন্ট্রাল টিবেটান স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। এছাড়াও চণ্ডিগড়, লাক্ষাদ্বীপ, আন্দামান-নিকোবর, দমন ও দিউ, দাদরা ও নগর হাভেলি ও দিল্লি প্রশাসনের অধীন স্কুলগুলিতেও এইসব ক্লাসে শিক্ষকতার জন্য বিবেচিত হবেন এই পরীক্ষায় সফল হলে। দেশের বেসরকারি স্কুলগুলি এবং দেশের কোনও রাজ্যের সরকার রাজ্যস্তরে শিক্ষক নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা (টিচার এলিজিবিলিটি টেস্ট) না নিলে সি টি ই টি পরীক্ষাটির ফলাফলকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে গ্রাহ্য করতে পারে। তবে কোনও ক্ষেত্রেই সি টি ই টি-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। সি-টেট সার্টিফিকেট রেজাল্ট ঘোষণার পর থেকে সাত বছর পর্যন্ত বৈধ থাকবে।

এরপর চোদ্দোর পাতায়

## ইসরোয় চাকরি

টেকনিশিয়ান-বি, ড্রাফটসম্যান-বি এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৮০ জনকে নেবে ইসরো (ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন)-এর অধীনস্থ বেঙ্গালুরুর হিউম্যান স্পেস ফ্লাইট সেন্টার। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HSFC/01/RMT/2019.

শূন্যপদের বিবরণ: **টেকনিশিয়ান-বি:** পোস্ট কোড TE01: ফিটার: ২০টি

এরপর পনেরোর পাতায়

## মাজাগন ডকে ১৯৭৮

১,৯৭৮ জন কর্মী নিয়োগ করবে মাজাগন ডক। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তিতে নিয়োগ হবে ফিটার, স্ট্রাকচারাল ফেব্রিকেটর, পাইপ ফিটার, ইলেক্ট্রনিক মেকানিক, কম্পোজিট ওয়েল্ডার, কার্পেন্টার, গ্যাস কাটার-সহ বিভিন্ন পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MDL/HR-REC-NE/90/2019.

**শূন্যপদের বিন্যাস:** স্কিল্ড গ্রেড-ওয়ান আই ডি-৫: **এ সি রেফ্রিজারেটর মেকানিক:** ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**কম্প্রেসর অ্যাটেন্ড্যান্ট:** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে মিলরাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অভিজ্ঞতা না থাকলে ট্রেনি কম্প্রেসর অ্যাটেন্ড্যান্ট পদে নিয়োগ করা হবে।

**ব্রাস ফিনিশার:** ২৬টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং-সহ মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ব্রাস ফিনিশার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করা যাবে। অভিজ্ঞতা ছাড়া মেশিনিস্ট ট্রেডে এন এ সি থাকলেও আবেদন করা যাবে, সেক্ষেত্রে ট্রেনি ব্রাস ফিনিশার পদে নিয়োগ করা হবে।

**কার্পেন্টার:** ৭৮টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২০, আর্থিকভাবে অনগ্রসর ৭)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**চিপার গ্রাইন্ডার:** ১৯টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। এছাড়া

এরপর সাতের পাতায়

রবীন্দ্র পাঠ ভবন ™
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
Affiliated By NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
NSDC, NCVT (Govt. Of India)
এই প্রথম ভারত সরকার অনুমোদিত
প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং
এর বিশেষ কোর্স চালু হলো। Admission Going
(সারা ভারত বর্ষে সরকারি ও বে-সরকারি জায়গায় গ্রহন যোগ্য।)

স্কুল টিচার্সদের ক্লাসের বিশেষ সুবিধা আছে।
LIMITED SEATS
100% PLACEMENT GURANTEED
Installment- এর সুবিধা আছে।
রবীন্দ্র পাঠ ভবন
-এখন একটি পূর্ণাঙ্গ ITI
100% Placement
NCVT (Govt. Of India) অনুমোদিত
ELECTRITION, FITTER,
DRAUGHTSMAN , SURVEYOR,
EARLY CHILDHOOD EDUCATOR
ITI কোর্সে সরাসরি ভর্তি
With CNC & VNC Training • Installment এর সুবিধাযুক্ত
BELGHARIA, 2no Rail Gate. (M) 8335066915 / 14

HEAD OFFICE: BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244 / 9830084759
E-mail: rabindra_path_bhaban@yahoo.co.in web: rabindrapathbhaban.com

### রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে

## ১৫০ ড্রাইভার

১৫০ জন ড্রাইভার নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে বিভিন্ন জেলায়। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SHTO/671/HFW-51011/11/2019.

জোন অনুসারে শূন্যপদের বিবরণ: **কলকাতা:** ৭২টি (উত্তর ২৪ পরগনা ৪, বসিরহাট-এইচ ডি ২, দক্ষিণ ২৪ পরগনা ৬, ডায়মন্ড হারবার-এইচ ডি ২, হুগলি ৪, হাওড়া ৬, কলকাতা ২৫, নদিয়া ২০, পূর্ব বর্ধমান ৩)। **শিলিগুড়ি:** ২৭টি (আলিপুরদুয়ার ৬, কোচবিহার ২, জলপাইগুড়ি ৮, দার্জিলিং ৬, কালিম্পং ২, উত্তর দিনাজপুর ৩)। **বহরমপুর:** ২৫টি (দক্ষিণ দিনাজপুর ৪, মালদা ৪, মুর্শিদাবাদ ৪, পশ্চিম বর্ধমান ৬, বীরভূম ৫, রামপুরহাট-এইচ ডি ২)। **পশ্চিম মেদিনীপুর:** ২৬টি (পুরুলিয়া ৩, পশ্চিম মেদিনীপুর ৭, পূর্ব মেদিনীপুর ৩, বাঁকুড়া ২, বিষ্ণুপুর-এইচ ডি ২, নন্দীগ্রাম-এইচ ডি ৫, ঝাড়গ্রাম ৪)।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। পাশাপাশি, বৈধ লাইট মোটর ভেহিকাল-ট্রান্সপোর্ট বা লাইট মোটর ভেহিক্যাল-ক্যাব লাইসেন্স থাকা

এরপর পনেরোর পাতায়

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে ১৬৪

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার, কোয়ালিটি কন্ট্রোল অফিসার, হিউম্যান রিসোর্স অফিসার-সহ বিভিন্ন পদে ১৬৪ জনকে নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। নিয়োগ করা হবে ই-থ্রি ও ই-ওয়ান গ্রেডে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ল-সহ বিভিন্ন শাখায়।

শূন্যপদের বিবরণ: **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার:** মেকানিক্যাল: ৬৩টি, সিভিল: ১৮টি, ইলেক্ট্রিক্যাল: ২৫টি, ইনস্ট্রুমেন্টেশন: ১০টি, কেমিক্যাল: ১০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট, এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল ও মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রোসেস কন্ট্রোল এবং সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

**রিফাইনারি ইঞ্জিনিয়ার-কেমিক্যাল:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা পেট্রোলিয়াম রিফাইনিং অ্যান্ড পেট্রোকেমিক্যাল বা পেট্রোলিয়াম রিফাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, সঙ্গে কোনও

এরপর তেরোর পাতায়

স্বাস্থ্য দপ্তরে ৮১৫৯ নার্স নিয়োগ
সূত্র : বর্তমান ১৪ আগস্ট, ২০১৯ প্রথম পৃষ্ঠা
সরকারি হাসপাতালে GNM ও
B.Sc. নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি,
স্কলারশিপ, এডুকেশন লোন

নিজস্ব সংবাদদাতা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে স্টাফ নার্স পদে চাকরি পেতে যুগোপযোগী দুরন্ত চাহিদামুখী GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং কোর্সে সরাসরি ভর্তির শেষ সুযোগ।
যোগ্যতা : উচ্চমাধ্যমিকে যেকোনো শাখার ছেলে ও মেয়েরা সরাসরি GNM এবং উচ্চমাধ্যমিকে সায়েন্স শাখার ছেলে ও মেয়েরা সরাসরি B.Sc. নার্সিং কোর্সে ভর্তির যোগ্য।
W.B JENPAUH ব্যর্থ / আশানুরূপ র‍্যাঙ্ক না হওয়া ছাত্রছাত্রীরা সরাসরি B.Sc. নার্সিং কোর্সে ভর্তির জন্য শীঘ্র যোগাযোগ করুন।
বিশেষত্ব : কোর্সগুলি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল ও স্টেট গভঃ নার্সিং কাউন্সিল ভিন রাজ্য গভঃ স্বীকৃত যাহা সরকারি ও বেসরকারি চাকুরিতে 100% মান্যতাপ্রাপ্ত। 100% Education Loan, স্কলারশিপ ও ক্যাম্পাসিং এর ব্যবস্থা। সরাসরি কলেজে ভর্তি ও কিস্তিতে পড়ার সুবিধা।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন :
ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 Certified)
কোলকাতা (মেডিভিউ চিকিৎসালয়ের কাছে) : 033-22870873, 9836442992, 8145960410; বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) : 8972046553; বহরমপুর (মেডিকেল কলেজ রোডের বিপরীতে) : 7450978001; বর্ধমান (হসপিটাল / G.T. Road) : 7319013461; নলহাটি (বীরভূম) : 8116939353; শিলিগুড়ি (প্যাটেল রোড / হেরিটেজ মোড়) : 8167033305.

MALE নার্সিং-এ
GNM / BSC নার্সিং-এ
সরাসরি ভর্তি।
Call @ 9830687078

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ৫ □ ২১ অগস্ট ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI /UCO/HDFC/YES BANK-MNC** CO-তে সরাসরি অফিসিয়াল স্থায়ীপদে (Day Shift) (10am-6pm), 317 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,754/- – 34,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**Direct কোম্পানী Payroll-এ H.S. পাশ** (18-30) 17 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108, M: 83368-25980.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, 90513-76362/ 74509-64662.

□

### বিনা ডোনেশনে Airport মেট্রো, স্থায়ী জব R/L: 0352

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ এয়ারপোর্ট** ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,400/- – 48,300/-. বয়স: 18-35. A. J., G. P. Kol-1. M: 74309-99656.

□

### Direct জয়েনিং

**প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co.** নার্সিং হোম, শপিং মলে M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,500/-). M. J. S, R. L. Kol-9, M: 91632-85992.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
৪ সেপ্টেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩১ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### Online Shoping JIO 4G ও SBI Banking

**বাংলাভাষী কাস্টঃকেয়ারে** (MP-Graduate) (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

### BSNL/VODA/JIO

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38). Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

### স্টার হোটেলে 6-17,500/-

**রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ** স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট– ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**Govt. R/L No.: 2807, কোনও** ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-). OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** help u-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**H. S. Graduate M/F কর্মী চাই পূর্ণ/** আংশিক সময়। আয় ± ২৫ হাজার। 99037-69910/82407-23612. সব্যসাচী চক্রবর্তী, ১১বি অজন্তা পার্ক, কোল-৮৬।

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### হোটেলে স্থায়ী চাকরি

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake. Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ ও দঃ 24 পরগনা: 70440-49492.

□

## কর্মখালি

### সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি

**গভঃ রেজিঃ নং: 254/01, কোনও** ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃবঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। (কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B. B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**মার্চেন্ট নেভীতে জয়েনিং- শিক্ষাগত** যোগ্যতার উপর নির্ভর করে দেশে জাহাজ ও বন্দরে নিয়োগ চলছে। বেতন: ১৯,৫০০/- - ৪২,৫০০, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বিশদ জানতে বেলঘরিয়া, কলি-৫৬, (M): 74791-56181.

□

**Amazon Delivery Associate** required Biker Delivery Boy with good salary (14K-19K). Must have own Bike & Lic For Taratala Hub @9830511222, Company Name: BSATEAM SUPPLY, CHAIN SOLUTIONS (P) Ltd. Address: Flat-D, 82 Gopal Mishra Road, Kolkata-700034, M: 98305 11222.

□

**SBI / Banking / Naptol /Jio কাস্টঃ** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96744-97493 / 96740-15515.

□

**Reqd. Experience Interior Site** Supervisor, Project Officer, Diploma Electrical Engineer, mail id: imcpl2013@gmail.com, Ph: 97486 41863. Indesign Management Consultancey Pvt Ltd, 33-A, J. L. Nehru Road, 14th Floor, Flat No. 5, Kolkata-700071, Chatterjee International Centre.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**এয়ারপোর্টে পার্মানেন্ট চাকরি। বেতন:** ১৮,২০০/- - ৪২,৩০০, যোগ্যতা: ৮ম-স্নাতক, M/F চাই। N. C. বিধাননগর, কলি-67. 76027-48332.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ Airport ও Metro-তে

**সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ** হবে। GST নং-19AAACB5343J, শূন্যপদ: ১৮২, ISO-9001-2008, বেতন: 15,600/- – 38,200/-. কন্ট্রাক্টরের অধীনে SV, ট্রলিবয়, চেকিং, ইনচার্জ, Cargo লোডার, Back Office ও অন্যান্য বিভিন্ন পদের সুযোগ। ESI + PF + খাওয়া + থাকা ফ্রি। Central, N. D, Kol-82, (M): 86958-68525.

□

### VACANCY PVT. LTD

**পার্লেজি, হিন্দুস্থান লিভার, আমুল, ডাবর** Co.-তে 34 জন Male চাই। বেতন: 13,700/- – 26,500/-. (18-40). 77182-96025, R. G, CIT Road, Kol-14.

□

### এয়ারপোর্ট, মেট্রো ও Pvt ব্যাঙ্কে পার্মানেন্ট জব

**গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport, মেট্রো ও** ব্যাঙ্কে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,900/- – 47,600/-. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। V. P., Dum Dum, Kol-74. M: 98514-53690.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

### এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে স্থায়ী জব M: 95638-41366

**গভঃ স্বীকৃত Airport ও মেট্রোতে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে বিভিন্ন অফিসিয়াল পদে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 16,400/- – 45,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রী। BPL, Dum Dum Rd, Kol-74.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়,** গড়িয়া ও শিয়ালদহে Maths, G. I, G. K. প্রস্তুতি। প্রচুর সফল, Monthly 500/-. M: 87772-17803.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) P.C. B.Sc সরাসরি** ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

### NCVT কোর্সে ভর্তি চলছে

**সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চন্ডীপুর উন্নয়ন** কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান 94330-78824, 98744-49706.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### প্যারামেডিক্যালে ভর্তি

**মাধ্যমিক ও 10 + 2 উত্তীর্ণদের 'জুন ১৯'** সেশনে ভর্তি চলছে। ফিজিওথেরাপি, ল্যাবটেক, ও.টি, ই.সি.জি, রেগুলার ক্লাস, হোস্টেল আছে। ইন্টার্নশিপ ও প্রাইভেট চাকরি। B.I.A.H.S, বেহালা, আমতলা, বহরমপুর, রানাঘাট, চাপড়া, জলঙ্গী। যোগাযোগ: 98306-62930, 86974-88882, 86974-88883, 87777-85881, 98303-46797.

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০
শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫
অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০
রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০
শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০
**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
ঋথাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সয়াবিনের বড়ি তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** সয়াবিন অত্যন্ত পুষ্টিকর উপকারী খাদ্য। সেমি অটোম্যাটিক এই মেশিনের সাহায্যে সয়াবিনের বড়ি ও বিভিন্ন খাদ্য তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। তবে মনে রাখবেন এই ব্যবসা করতে হলে ফুড লাইসেন্স ও হেলথ সার্টিফিকেট দরকার।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে কাঁচা সয়াবিনের দানা কিনে আনতে হবে। এবার সেই দানা পরিমাণ-মতো মেশিনের হপারে দিয়ে মেশিন চালু করলেই পছন্দমতো ডাইস ও কাটার অনুযায়ী নিজে থেকেই বড়ি তৈরি হয়ে যাবে। আকার অনুযায়ী, মাপ অনুযায়ী বিভিন্ন ধরনের ডাইস এবং কাটার পরিবর্তন করে পছন্দমতো নানারকম বড়ি তৈরি সম্ভব। এই মেশিনে ৮ ঘণ্টায় ৯০ কেজি সয়াবিনের দানা থেকে বড়ি ও স্ন্যাক্স তৈরি সম্ভব। এই মেশিনটি চালাতে মোটর লাগবে ১০ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর সমেত সেমি অটোম্যাটিক এই মেশিনটির দাম সাড়ে ৬ লাখ টাকা। এছাড়া অটোম্যাটিক প্যাকেজিং মেশিনের দাম পড়বে দেড় লাখ টাকা। হস্তচালিত প্যাকেজিং মেশিনের দাম পড়বে ১ হাজার থেকে ১০ হাজার টাকা। এছাড়া সম্পূর্ণ অটোম্যাটিক মেশিন হলে দাম পড়বে ১২ লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

নিশ্চিত চাকুরি মুখী কোর্স

100% Placement Assistance

6 Months /1 Yr. / 2 Yrs. / 3Yrs. courses available

☆ Mobile Repairing (Android / I-Phone) Hardware & Networking (Laptop / printer)

☆ Management Courses : ( Office / Tourism / Retail / Export & Import )

☆ JOURNALISM / FASHION / INTERIOR / PARA MEDICAL
Mass Comm. Design Decoration (X-RAY, OTT, PT, DT)

☆ Ast. NURSING (ANM /GNM) / Lab Technology ( DMLT )

Independence Day offer
Scholarship upto 100%

+ ডিগ্রি / ডিপ্লোমা Under UGC Approved University
+ Get Salary Up to 3 lacs P.A. + Loan Facility
+ A.C Class room + Hostel Facility (Boys / Girls)
+ Flexible class timing (Also Sunday)
+ International Job Assistance + IELTS / TOEFL Classes

Joint Entrance Classes ( কোচিং )
NEET / JEE (MAIN + ADVANCE)
VOCLET JEXPO WBJEE
JELET CLAT IPM
JENPAUH MAT CET

Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
Website :www.mindmineskillindia.com
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*প্রত্যেকটি মানুষের তাঁর ভালোবাসার কাজের সর্বোচ্চ জায়গাটিতে পৌঁছনোর ক্ষমতা রয়েছে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।*
*— হোমি জাহাঙ্গির ভাবা*
*(আণবিক পদার্থবিদ। ভারতের পারমাণবিক কর্মসূচির পুরোধা)*

***✓ আমি সম্প্রতি গ্র্যাজুয়েশনের রেজাল্ট হাতে পেয়েছি। ৬২ শতাংশ নম্বর-সহ বি কম পাশ করেছি। আমার উচ্চতা ১৭০ সেমি। ফুটবল খেলি। আমি পুলিশ অফিসার পদে চাকরি করতে চাই। কীভাবে সেটা সম্ভব জানালে উপকৃত হব।***

*অমিতাভ আইচ, কল্যাণী, নদিয়া।*

□ ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষা দিয়ে সফল হতে পারলে সরাসরি পুলিশ অফিসার পদে চাকরি হয়। আপনি ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষায় বসতে পারবেন। অন্যথায় সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারেন। পদোন্নতির মাধ্যমে অফিসার পদে উন্নীত হওয়ার সুযোগ আছে। উল্লেখ্য, সেন্ট্রাল সিভিল সার্ভিসের 'বি' গ্রুপের পরীক্ষায় সফল হলে ইন্ডিয়ান পুলিশ সার্ভিসে অফিসার ক্যাডারে চাকরির সুযোগ আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ পুলিশে ৬৬৮ জন সাব-ইনস্পেক্টর নেওয়া হবে। আর্মড এবং আন-আর্মড— এই দুই বিভাগে নিয়োগ হবে। যে-কোনও শাখার স্নাতকরা আবেদনের যোগ্য। আন-আর্মড বিভাগের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৬৭ সেমি। আর্মড বিভাগের ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা ১৭৩ সেমি। বুকের ছাতি: আর্মড বিভাগের ক্ষেত্রে ৭৯ সেমি, আন-আর্মড বিভাগের ক্ষেত্রে ৮৬ সেমি। উভয় ক্ষেত্রেই বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। প্রয়োজনীয় দৈহিক মাপজোক থাকলে উচ্চতার নিরিখে আপনি আন-আর্মড ব্রাঞ্চের জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ অগস্ট সংখ্যায়

পশ্চিমবঙ্গ পুলিশে ৬৬৮ জন সাব-ইনস্পেক্টর নেওয়া হবে। আর্মড এবং আন-আর্মড— এই দুই বিভাগে নিয়োগ হবে। যে-কোনও শাখার স্নাতকরা আবেদনের যোগ্য। আন-আর্মড বিভাগের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৬৭ সেমি। আর্মড বিভাগের ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা ১৭৩ সেমি। বুকের ছাতি: আর্মড বিভাগের ক্ষেত্রে ৭৯ সেমি, আন-আর্মড বিভাগের ক্ষেত্রে ৮৬ সেমি। উভয় ক্ষেত্রেই বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে।

'পশ্চিমবঙ্গ পুলিশে ৬৬৮ সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করা যাবে অনলাইন ও অফলাইন দুই পদ্ধতিতেই। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in অফলাইন দরখাস্ত করতে চাইলে আবেদনের ফর্ম ডাউনলোড করবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ৯ সেপ্টেম্বর।

***✓ ইংরেজির অনার্স গ্র্যাজুয়েট। অনার্সে ৫৮ শতাংশ নম্বর আছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির প্রয়োজন খুবই। চাকরির খোঁজ দেবেন।***

*শুভজিৎ দত্ত, খড়দহ, উত্তর ২৪ পরগনা।*

□ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। তবে পছন্দ ও ক্ষমতা অনুসারে চাকরি বাছাই করে সেই সব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়াই ভালো হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু অ্যাসিস্ট্যান্ট নেবে এল আই সি হাউজিং ফিনান্স। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ অগস্ট সংখ্যায় 'এল আই সি হাউজিং ফিনান্সে ৩০০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৬ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lichousing.com

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক এবং প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস-অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে, ব্যাঙ্কের যে-কোনও পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় পাশ করতে হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়ে থাকে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার, কাস্টমার রিলেশন অফিসার পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার হয় না। সরাসরিই আবেদন করা যায়। মনে রাখবেন, সঠিক প্রস্তুতি নিলে আর্টসের ছাত্রছাত্রীরাও ব্যাঙ্কের পরীক্ষায় সফল হতে পারেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

***✓ ফিজিক্স অনার্সের প্রথম বর্ষের ছাত্র। উচ্চমাধ্যমিকে ৬৪ শতাংশ নম্বর আছে। পারিবারিক আর্থিক পরিস্থিতি ভালো নয়। মন দিয়ে পড়াশোনা করতে পারছি না। ছোটখাটো একটা চাকরি হলেও সুরাহা হয়। চাকরির খবর দিলে উপকৃত হব।***

*নাম প্রকাশে অনিচ্ছুক, নরেন্দ্রপুর, কলকাতা।*

□ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত আপনার শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক বলেই গণ্য করা হবে। ফলে এখন আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্যই আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে বেশ কিছু বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক তরুণ নেওয়া হবে। নিয়োগ হবে নাবিক জেনারেল ডিউটি পদে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক-সহ মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। 'কর্মক্ষেত্র'-র ১৪ অগস্ট সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ অগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে বেশ কিছু বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক তরুণ নেওয়া হবে। নিয়োগ হবে নাবিক জেনারেল ডিউটি পদে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক-সহ মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে টিকিট এক্সামিনার পদে আবেদন করতে পারবেন। রেলে লেভেল-ওয়ান পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

***✓ মাধ্যমিক পাশ করার পরে ম্যাসন ট্রেডে আই টি আই কোর্স করেছি। বর্তমানে একটি বেসরকারি কনস্ট্রাকশন কোম্পানিতে চাকরি করছি। বয়স ২৩ বছর। সরকারি চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*সোহম মণ্ডল, বোলপুর, বীরভূম।*

***এখনই আবেদন করতে পারেন:*** ২১৫ জন মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ম্যাসন) নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ অগস্ট সংখ্যায় 'বর্ডার রোডস অর্গানাইজেশনে ৩৩৪' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.bro.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৭ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: Commandant, GREF CENTRE, Dighi Camp, Pune-411 015.

***পরে আবেদন করতে পারবেন:*** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, রাজ্যের পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, রাষ্ট্রায়ত্ত বিভিন্ন নির্মাণ সংস্থায় চাকরির সুযোগ আছে। রেলের টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন। রেলের লেভেল-ওয়ান পদেও আবেদনের সুযোগ আছে। বি এস এফ, সি আর পি এফ, এস এস বি, আই টি বি পি-র মতো বাহিনীগুলিতেও নির্মাণ কাজের জন্য সময়ে সময়ে ম্যাসন নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন।



## উৎসাহী মানসিকতা থাকলে ব্যবসাও ভালো কেরিয়ার হতে পারে

**সোমনাথ রায়চৌধুরী**
সেন্টার হেড, ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, প্রগতি-ট্রেনিং-কাম ইনকিউবেশন সেন্টার

যে-কোনও ভালো কাজের জন্যই একটা জেদের দরকার হয়। ইতিবাচক জেদ। সেই জেদের সঙ্গে ধৈর্য ও আন্তরিকতা যুক্ত হলে আপনি আপনার কাজটাতে সফল হবেনই। পড়াশোনা, চাকরির পরীক্ষা, নিজের পায়ে দাঁড়ানোর মতো কোনও কাজ— সবক্ষেত্রেই সাফল্যের জন্য এই গুণগুলোর দরকার রয়েছে। চাকরি পাওয়া মানে একটা দীর্ঘ যাত্রার সূচনা ঘটে যাওয়া। তারপর নিজেকে প্রমাণ করার পালা। থাকবে ক্রমোন্নতির সুযোগ। একটা ছোট ব্যবসা ক্রমশ বড় আকার পেতে পারে। সেই উন্নতির প্রধান চালিকাশক্তি আপনি নিজেই। আপনার আগ্রহ, উৎসাহ আপনাকে চালিত করবে।

যে কাজটি আপনি করবেন তার একটি নিজস্ব সত্তা থাকবে। সেই সত্তাটির সঙ্গে আপনার প্রাণের যোগাযোগ ঘটে গেলে আপনার কাজই আপনাকে পথ দেখাবে। কাজ করতে করতে আপনি বারবার নিজেকে নতুন করে আবিষ্কার করবেন।

আমাদের প্রতিষ্ঠানে স্বনিযুক্তি-সহায়ক বহুমুখী প্রশিক্ষণ দেওয়া হয়। ব্যবসার ব্যাপারে নানাভাবে সহায়তাও করা হয়। 'কর্মক্ষেত্র' পত্রিকার সঙ্গে আমাদের প্রতিষ্ঠানের সম্পর্ক দীর্ঘদিনের। 'কর্মক্ষেত্র' পড়ে আজ পর্যন্ত বহু ছেলেমেয়ে আমাদের প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নিয়েছেন। আমরা দেখেছি, যাঁরা মনপ্রাণ ঢেলে ট্রেডের কাজ শিখেছেন, তাঁরা তাঁদের কাজে সফল হয়েছেন। অনেকেই নামী বিভিন্ন সংস্থায় কর্মরত, অনেকে উঁচু পদে আসীন। বহু তরুণ-তরুণী ব্যবসা গড়ে শুধু নিজেদের উপার্জন নিশ্চিত করেননি, আরও অনেকেরই উপার্জনের ব্যবস্থা করে দিয়েছেন।

আগেই বলেছি, আমাদের সংস্থা স্বনিযুক্তি-সহায়ক প্রশিক্ষণ দেয়। আমাদের লক্ষ্য হল, প্রশিক্ষণ যিনি নিলেন, তিনি ব্যবসা করুন। চল্লিশ-পঞ্চাশ হাজার টাকাতেও ব্যবসা শুরু করা যায়। সেই ব্যবসা দিনে দিনে বড় হয়েও উঠতে পারে। আমাদের কাছে এরকম প্রচুর উদাহরণ রয়েছে। দরকার হবে উৎসাহ, আন্তরিকতা, জেদ, ধৈর্যের। আর দরকার হবে একটা জবরদস্ত পরিকল্পনার। কীসের ব্যবসা আপনি করবেন? বাজার সমীক্ষা করে পরিকল্পনাটি আপনাকেই ছকে নিতে হবে। আর যে ব্যবসাটি আপনি করবেন তার মূল কাজটি আপনার জানা থাকলে আপনি ব্যবসার ব্যাপারে অনেক অনেক যোজন এগিয়ে থাকবেন। একটা উদাহরণ দিই। আমাদের চতুর্দিকে রয়েছে কাচের ব্যবহার। গাড়ির কাচ, বাড়ির জানালা-দরজা, আসবাবপত্র, দোকানের শো-কেসের কাচ নিয়মিতভাবে পরিষ্কার করার দরকার হয়। কাচ পরিষ্কার করার সলিউশন পাওয়া যায়। বড় কোম্পানির সলিউশনের দাম বেশি হবেই। আপনি অনেক কম খরচে সলিউশনটি তৈরি করে বিপণন করতে পারেন। কী লাগবে এর জন্য? প্রথমত লাগবে ফর্মুলা অনুসারে সলিউশনটি তৈরি শিখে নেওয়া। ওই কেমিস্ট্রির শিক্ষাটাই প্রধান কথা। দিন-দশেকেই শিখে নেওয়া যায়। এবার ব্যবসায় নামুন। দরকার হবে কয়েকটি রাসায়নিকের। আর লাগবে কিছু কাচের জার, টেস্টটিউব ইত্যাদি। কোথায় কীভাবে বিপণন করবেন, সেটা ঠিক করে নিতে হবে ব্যবসায় নামার আগেই। বিপণনের জন্য ছোট বোতলের দরকার হবে। ওই ৪০-৫০ হাজার টাকার পুঁজি নিয়ে ব্যবসা শুরু করা যায়। কোনও মেশিনপত্রের দরকার নেই। এই যে সলিউশনটি তৈরির পদ্ধতিটি আপনি নিজেই জানেন, সেই দক্ষতাটিই কিন্তু আপনার মূল পুঁজি।

আমাদের দেশে একটি চাকরি যতজন পান, তার থেকে অনেকগুণ প্রার্থী চাকরিটি পান না। নিজের পায়ে দাঁড়ানোর সুযোগটা কিন্তু আছেই। হতাশাজনক মানসিকতা নিয়ে ব্যবসা করা যায় না। হতাশা ঝেড়ে ফেলুন। উৎসাহিত মন নিয়ে ব্যবসার পরিকল্পনা করুন। কাজে ঝাঁপিয়ে পড়ুন। সাফল্য পাবেনই।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## কী পড়বেন, কোথায় পড়বেন

### ক্রীড়া-সংক্রান্ত বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ



ক্রীড়া-সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার অধীনস্থ কলকাতার নেতাজি সুভাষ ইস্টার্ন সেন্টার। প্রশিক্ষণের মেয়াদ ২ থেকে ৩ সপ্তাহ। প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে: **স্পোর্টস অ্যানথ্রপমেট্রি:** প্রশিক্ষণ চলবে ২ সেপ্টেম্বর থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। **স্পোর্টস নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স:** প্রশিক্ষণ চলবে ১৬ থেকে ২৭ সেপ্টেম্বর। **রিহ্যাবিলিটেশন অ্যান্ড রিকভারি:** প্রশিক্ষণ দেওয়া হবে ১৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর। **স্পোর্টস সাইকোলজি:** প্রশিক্ষণ দেওয়া হবে ৪ নভেম্বর থেকে ১৫ নভেম্বর। **ফিজিক্যাল কন্ডিশনিং:** প্রশিক্ষণ দেওয়া হবে ১৮ নভেম্বর থেকে ৬ ডিসেম্বর।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্যাল কন্ডিশনিং ছাড়া সবক'টি কোর্সের ক্ষেত্রে স্নাতক উত্তীর্ণ। ফিজিক্যাল কন্ডিশনিংয়ের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। **বয়স:** ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং কর্মরতরা সর্বাধিক ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

সব ক্ষেত্রেই খেলাধুলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। প্রার্থীর ফিজিক্যাল ও ক্লিনিক্যাল ফিটনেস সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

ফি ৫,০০০ টাকা। এছাড়াও সিকিউরিটি ডিপোজিট বাবদ দিতে হবে ১,০০০ টাকা। এটি ফেরতযোগ্য। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট। ড্রাফ্‌টটি 'Director-SAI, NSEC, Kolkata'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

আবেদনের ফি, রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার দ্বারা প্রাপ্ত ফিটনেস সার্টিফিকেট ও প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায়। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ স্পোর্টস অ্যানথ্রপমেট্রির ক্ষেত্রে ৩০ অগস্ট, স্পোর্টস নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্সের ক্ষেত্রে ১৩ সেপ্টেম্বর, রিহ্যাবিলিটেশন অ্যান্ড রিকভারির ক্ষেত্রে ১১ অক্টোবর, স্পোর্টস সাইকোলজির ক্ষেত্রে ১ নভেম্বর এবং ফিজিক্যাল কন্ডিশনিংয়ের ক্ষেত্রে ১৫ নভেম্বর। আবেদনপত্র জমা দেওয়ার ঠিকানা: Incharge Academics, Sports Authority of India, Netaji Subhas Eastern Centre, Sector- III, Salt Lake City, Kolkata-700 106. আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট ইন্টিগ্রেটেড কোর্স



লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট ইন্টিগ্রেটেড কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় অনার্স-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। ২০১৮-র আগে যোগ্যতামান নির্ধারণ পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৫ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.usta.caluniv.ac.in আবেদনের শেষ তারিখ ২১ অগস্ট। আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in

## টু-হুইলার টেকনিশিয়ানের প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** টু-হুইলার টেকনিশিয়ান কোর্সে ভর্তি নিচ্ছে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। টিভিএস মোটর কোম্পানির সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে। ৬ মাসের প্রশিক্ষণ।

ভেহিক্যাল অ্যাসেম্বলিং, ইঞ্জিন রিপেয়ারিং-সহ বিভিন্ন বিষয়ে হাতে-কলমে কাজ শেখার সুযোগ রয়েছে বলে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের পক্ষ থেকে জানানো হয়েছে। সংস্থার স্কিল অ্যান্ড এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (সেডি) মুখ্য আধিকারিক ধর্মেন্দ্র পাত্র জানিয়েছেন, তিন মাস বড় সার্ভিস সেন্টারে গিয়ে হাতে-কলমে কাজ শেখা যাবে এই প্রশিক্ষণে। তিনি আরও জানান, প্রশিক্ষার্থীদের নামী অটোমোবাইল সংস্থায় চাকরির ব্যাপারেও সহায়তা করা হবে।

অন্তত ক্লাস এইট পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে। ছেলেমেয়ে উভয়েই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ফি ৩,৫০০ টাকা। প্রশিক্ষণ শুরু হবে ২ সেপ্টেম্বর থেকে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। ভর্তির শেষ তারিখ ২৮ অগস্ট। আগ্রহীরা ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: সেডি, অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, সাঁকরাইল, ধূলাগড়ী, হাওড়া। ফোন: ৯৬৮১৪-৬৪১৫৬, ৮২৪০৮-৫০১৮১।

## উড অ্যান্ড প্যানেল প্রোডাক্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি

উড অ্যান্ড প্যানেল প্রোডাক্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ব্যাঙ্গালোরের ইন্ডিয়ান প্লাইউড ইন্ডাস্ট্রিজ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট। এটি কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্সটি শুরু হবে নভেম্বরে।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, এগ্রিকালচার, ফরেস্ট্রির মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতক। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**বয়স:** ১-১১-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। স্পনসর্ড প্রার্থীরাও নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত হবে।

**কোর্স ফি:** মোট ৬৬,০০০ টাকা। এর মধ্যে ফেরতযোগ্য কশান মানি ৫,৩৫০ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ipirti.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট। ড্রাফ্‌টটি 'IPIRTI CORPUS FUND'-এর অনুকূলে ব্যাঙ্গালোরে প্রদেয় হতে হবে। ✓এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Indian Plywood Industries Research and Training Institute, P.B. No. 2273, HMT Link Road, Off Tumkur Road, P.O. Yeshwanthpur, Bangalore-560 022.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ০৮০-৩০৫৩৪০০০/০১/৪৯।



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৯' পরীক্ষার প্রস্তুতি নিচ্ছি। এয়ারফোর্সের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —প্রমিত সাহা, আমতা, হাওড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এয়ারফোর্সে অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬২.৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। অন্তত ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির ন্যূনতম মাপ হতে হবে ৮১ সেমি। দৃষ্টিশক্তি থাকতে হবে ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৬ ও ৬/৯ (দূরের) থাকতে হবে। চশমা থাকলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি ওয়ান মানের হতে হবে। লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। এয়ারফোর্সে পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি (সর্বাধিক ১২০ সেমি), থাইয়ের দৈর্ঘ্য হতে হবে সর্বাধিক ৬৪ সেমি এবং বসে থাকা অবস্থায় উচ্চতা চাই অন্তত ৮১.৫০ সেমি (সর্বাধিক ৯৬ সেমি)। ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এসের মাধ্যমে দেশের আটটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —অচিন্ত্য সাহু, উত্তর বাগুন্ডি, উত্তর ২৪ পরগনা।*

□□ প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। বিষয়প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০), ডেস্ক্রিপটিভ ইংলিশ-লেটার রাইটিং অ্যান্ড এসে (২৫)। মোট সময়সীমা ৩ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-চতুর্থাংশ নম্বর কাটা যাবে। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি ও কল্যাণী। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়ি। দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

## নেট/সেট

□ *ইউ জি সি 'নেট' পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিশদে জানতে চাই। এই পরীক্ষাটি কবে নাগাদ হয়ে থাকে? —দময়ন্তী কর, দাদপুর, হুগলি।*

□□ ইউ জি সি আয়োজিত 'নেট' (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) পরীক্ষায় তিনটি পেপারের পরীক্ষা হয় আলাদা আলাদা সেশনে, একই দিনে। প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস-এর দক্ষতা যাচাই করা হয়। ৬০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। এর মধ্যে ৫০টির উত্তর দিতে হয়। প্রতিটি প্রশ্নে ২ করে নম্বর থাকে। অর্থাৎ পেপার ওয়ানের মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ৯টা ৩০ মিনিট থেকে ১০টা ৪৫ মিনিট পর্যন্ত। পেপার-টু-এর প্রশ্ন হয় সংশ্লিষ্ট বিষয় থেকে। ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার-টু-এর মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ১১টা ১৫ মিনিট থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। পেপার-থ্রি-র পরীক্ষাতেও প্রশ্ন হয় সংশ্লিষ্ট বিষয় থেকে। ৭৫টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার থ্রি-র মোট নম্বর ১৫০। পরীক্ষার সময়সীমা দুপুর ২টো থেকে বিকেল সাড়ে ৪টে পর্যন্ত। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.cbsenet.nic.in

## উচ্চশিক্ষা

□ *'ক্যাট' পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। বিস্তারিত জানাবেন। —জয়ন্ত মুখার্জি, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্স ও ফেলো প্রোগ্রামে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'ক্যাট' (কমন অ্যাডমিশন টেস্ট-২০১৯) আয়োজিত হবে ২৪ নভেম্বর। পরীক্ষা হবে কম্পিউটারভিত্তিক। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। কলকাতা-সহ দেশের ২০টি আই আই এম (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট)-এ ভর্তির জন্য 'ক্যাট' স্কোরের প্রয়োজন হয়। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। যাঁরা ব্যাচেলর্স ডিগ্রির ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। পরীক্ষা আয়োজিত হবে দেশজুড়ে ১৫৬টি শহরে। পরীক্ষার ফল ঘোষিত হবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ নাগাদ। আবেদনের ফি ১,৯০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৯৫০ টাকা)। খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.iimcat.ac.in

## কোর্স, ট্রেনিং

□ *আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ইনস্টিটিউট অব আর্কিওলজিতে আর্কিওলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —সুশীল ব্যানার্জি, আদ্রা, পুরুলিয়া।*

□□ আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ইনস্টিটিউট অব আর্কিওলজি। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। আসনসংখ্যা: ১৫। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ আর্কিওলজি বা অ্যানথ্রোপলজি বা প্রাচীন বা মধ্য ভারতীয় ইতিহাস বা জিওলজি (বিশেষত প্রেস্টোসিন যুগ)-তে স্নাতকোত্তর ডিগ্রি। এ ছাড়া সংস্কৃত, পালি, প্রাকৃত, আরবি বা ফার্সি-র মধ্যে যে-কোনও একটি ভাষায় স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা। মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে। লিখিত পরীক্ষা ৩ সেপ্টেম্বর। ইন্টারভিউ ১১ ও ১২ সেপ্টেম্বর। অনলাইন আবেদন করতে হবে ১৫ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.asi.nic.in

□ *জে আই এস বিশ্ববিদ্যালয়ে যোগা ও নেচারোপ্যাথির সার্টিফিকেট কোর্স করতে চাই। বিস্তারিত জানতে চাই। —শিবাণী মণ্ডল, উত্তরপাড়া, হুগলি।*

□□ যোগা ও নেচারোপ্যাথির এক বছরের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে জে আই এস ইউনিভার্সিটি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পরিচালিত হবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক পাশ। বয়সের কোনও কড়াকড়ি নেই। সপ্তাহে ২ দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্লাস। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। এক বছরের মোট ফি ৫০ হাজার টাকা। মোট দু'টি সেমেস্টারে বিভক্ত কোর্সটি। প্রতি সেমেস্টারের ফি ২৫ হাজার টাকা। ভর্তির জন্য আগ্রহীরা এখনই যোগাযোগ করতে পারেন এই দুই ঠিকানায়: (১) জে আই এস বিশ্ববিদ্যালয়, আগরপাড়া ক্যাম্পাস, ৮১, নীলগঞ্জ রোড, আগরপাড়া, কলকাতা-৭০০ ১০৯। ফোন: ৯৮৩৬০-৬৬৯২৭। (২) ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, যাদবপুর বিশ্ববিদ্যালয়, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ৯০৮৮৪-০১৩৫৪।

## নার্সিং

□ *রাজ্য সরকারের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্স করতে চাই। এ ক্ষেত্রে কী শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? কোর্সটির খরচ কত? বিজ্ঞপ্তি কবে প্রকাশিত হবে? —রুপু হালদার, সুভাষগ্রাম, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ রাজ্য সরকারের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে বাংলা ভাষা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে। এটি আবাসিক প্রশিক্ষণ কোর্স। থাকার খরচ বাবদ মাসে ১২ টাকা করে দিতে হবে। খাওয়ার খরচ এখনও জানানো হয়নি। এই কোর্সের বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় তা জানানো হবে। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.wbhealth.gov.in

## অন্যান্য চাকরি

□ *ডি আর ডি ও-তে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং শাখায় সায়েন্টিস্ট 'বি' পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —নিলয় মণ্ডল, শ্রীকান্তপুর, মুর্শিদাবাদ।*

□□ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)-এ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং শাখায় সায়েন্টিস্ট 'বি' পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল শাখায় প্রথম শ্রেণিতে বি ই বা বি টেক। পাশাপাশি, গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পেপারে পাশ করে থাকতে হবে। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে গেট পরীক্ষায় পাশ না করে থাকলেও চলবে। সে ক্ষেত্রে প্রার্থীকে আই আই টি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি) বা এন আই টি (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি) থেকে মোট অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ পাশ করে থাকতে হবে। সমতুল বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স/টেকনোলজি অ্যান্ড ইনফর্মেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার নেটওয়ার্কিং। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://rac.gov.in শেষ তারিখ ৩০ অগস্ট।

□ *পশ্চিমবঙ্গ পুলিশে আর্মড ব্রাঞ্চে সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রমোদ ধর, সোনাতলা, হাওড়া।*

□□ পশ্চিমবঙ্গ পুলিশে আর্মড ব্রাঞ্চে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। বাংলা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৭৩ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ১৬৩ সেমি), বুকের ছাতি ৮৬ সেমি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ৮১ সেমি), অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে ৬০ কেজি (তফসিলি উপজাতির ক্ষেত্রে ৫৪ কেজি)। অনলাইন দরখাস্ত করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in অফলাইনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন। অফলাইনের ক্ষেত্রে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th Floor, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091. উভয় ক্ষেত্রে দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ৯ সেপ্টেম্বর।

□ *কোস্ট গার্ডে নাবিক (জেনারেল ডিউটি) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —শশাঙ্ক হালদার, চন্দননগর, হুগলি।*

□□ কোস্ট গার্ডে নাবিক (জেনারেল ডিউটি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও অঙ্ক-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা চাই। তফসিলি প্রার্থীরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন। এ ছাড়া উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি থাকতে হবে ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। চশমাধারীরা আবেদন করবেন না। বিস্তারিত জানার জন্য আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *পশ্চিমবঙ্গের শ্রম দপ্তরে ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সাত্যকি দে, ফুলমালঞ্চ, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গের শ্রম দপ্তরে ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ছ'মাস মেয়াদের কম্পিউটারের বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটারে টাইপিংয়ের ক্ষেত্রে ঘণ্টায় অন্তত ৬,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। এছাড়া ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে অবশ্যই প্রার্থীর নাম 'জব-সিকার' বিভাগে নথিভুক্ত থাকতে হবে। ১৪ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wblc.gov.in

□ *বর্ডার রোডস অর্গানাইজেশনে ড্রাফটসম্যান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সব্যসাচী চৌধুরি, পাঁচলা, হাওড়া।*

□□ বর্ডার রোডস অর্গানাইজেশনে ড্রাফটসম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে আর্কিটেকচার বা ড্রাফটসম্যানশিপ ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ অথবা ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ২ বছর মেয়াদের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি হতে হবে। ন্যূনতম ওজন হতে হবে ৫০ কেজি। দৃষ্টিশক্তি হতে হবে চশমা-সহ বা চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ এবং খারাপ চোখে ৬/৩৬। প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। সবশেষে নেওয়া হবে মেডিক্যাল এক্সামিনেশন। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যারিথমেটিক, অ্যানালিটিক্যাল ও কোয়ান্টিটেটিভ স্কিল বিষয়ে। বিস্তারিত জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.bro.gov.in

□ *এল আই সি হাউজিং ফিনান্সে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দীপেন সেন, হরিদেবপুর।*

□□ এল আই সি হাউজিং ফিনান্সে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যোগ্যতার যে-কোনও একটি থাকতে হবে— মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ), মাস্টার অব ম্যানেজমেন্ট স্টাডিজ (এম এম এস), পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট, পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সব শেষে মেডিক্যাল এক্সামিনেশন। অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ (৫০ নম্বর), লজিক্যাল রিজনিং (৫০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে নিউমেরিক্যাল এবিলিটি বা কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর)। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২৬ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lichousing.com

□ *নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক প্রয়োজন? প্রার্থী বাছাই সম্পর্কে জানাবেন। —দিলীপ সাহা, বগুলা, নদিয়া।*

□□ নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/১২ থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাজাগন ডকে ১৯৭৮

*প্রথম পাতার পর*

সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের অভিজ্ঞতা। মেশিনিস্ট বা মেশিনিস্ট (গ্রাইন্ডার) বা টার্নার ট্রেডে এন এ সি পাশ করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে ট্রেনি চিপার গ্রাইন্ডার পদে নিয়োগ করা হবে।

**কম্পোজিট ওয়েল্ডার:** ১৭৫টি (সাধারণ ৭৮, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৪৬, আর্থিকভাবে অনগ্রসর ১৭)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সঙ্গে ওয়েল্ডার অথবা ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**ডিজেল ক্রেন অপারেটর:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ডিজেল মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট-সহ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এছাড়া মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতা না থাকলে ট্রেনি ডিজেল ক্রেন অপারেটর পদে নিয়োগ করা হবে।

**ডিজেল কাম মোটর মেকানিক:** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ডিজেল মেকানিক বা মোটর ভেহিক্যাল মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**জুনিয়র ড্রাফটসম্যান:** ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল বা সিভিল শাখায় ড্রাফ্টসম্যান ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ইলেক্ট্রিক ক্রেন অপারেটর:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট-সহ মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা। তবে অভিজ্ঞতা না থাকলে ট্রেনি ইলেক্ট্রিক ক্রেন অপারেটর পদে নিয়োগ করা হবে।

**ইলেক্ট্রনিক মেকানিক:** ৯৮টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ৯)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**ফিটার:** ২৫৪টি (সাধারণ ১১৬, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৬৮, আর্থিকভাবে অনগ্রসর ২৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। তবে, অন্য কোনও ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে ফিটার পদে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে।

**জুনিয়র প্ল্যানার এস্টিমেটর:** ৩৩টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অ্যালায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন— যে-কোনও একটিতে এবং সিভিল ব্রাঞ্চের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় অন্তত পাশ নম্বর-সহ ডিগ্রি বা ডিপ্লোমা। সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলেও ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে আবেদন করা যাবে।

**জুনিয়র কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর:** ৫৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম মাধ্যমিক। সঙ্গে মেকানিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন— যে-কোনও একটিতে ডিপ্লোমা। সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাশ করে থাকলেও আবেদন করা যাবে।

**জুনিয়র কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর (এন ডি টি-মেকানিক্যাল):** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। পাশাপাশি, রেডিওগ্রাফি ইন্টারপ্রিটেশন, আল্ট্রাসনিক টেস্টিং, ম্যাগনেটিক পার্টিক্ল টেস্টিং এবং ডাই পেনিট্রেট টেস্টিংয়ে আই এস এন টি/এ এস এন টি লেভেল টু সার্টিফিকেট থাকতে হবে।

**গ্যাস কাটার:** ১০০টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৬, আর্থিকভাবে অনগ্রসর ৯)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর বা কম্পোজিট ওয়েল্ডার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন এ সি থাকলেও আবেদন করা যাবে, সেক্ষেত্রে ট্রেনি গ্যাস কাটার পদে নিয়োগ করা হবে।

**মেশিনিস্ট:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেশিনিস্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**মিলরাইট মেকানিক:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মিলরাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**পেইন্টার:** ৫৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সঙ্গে পেইন্টার বা মেরিন পেইন্টার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ।

**পাইপ ফিটার:** ২৩১টি (সাধারণ ১০৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৬১, আর্থিকভাবে অনগ্রসর ২১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। প্লাম্বার ট্রেডে এন এ সি-সহ মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে। তবে অভিজ্ঞতা না থাকলে ট্রেনি পাইপ ফিটার পদে নিয়োগ করা হবে।

**স্ট্রাকচারাল ফেব্রিকেটর:** ৩৭৪টি (সাধারণ ১৭০, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ৩৩, ও বি সি ৯৯, আর্থিকভাবে অনগ্রসর ৩৬)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি) কোর্স পাশ। শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন এ সি থাকলেও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ট্রেনি স্ট্রাকচারাল ফেব্রিকেটর পদে নিয়োগ করা হবে।

**স্টোরকিপার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। মেটিরিয়াল ম্যানেজমেন্ট এবং কম্পিউটার বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**ইউটিলিটি হ্যান্ড (স্কিল্ড):** ৫৩টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: ফিটার বা অন্য যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। সেইসঙ্গে মাজাগন ডক বা কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ইউটিলিটি হ্যান্ড হিসেবে গ্যাস বা ওয়েল্ডিং প্ল্যান্ট বা অক্সি এসিটাইলিন ইক্যুইপমেন্টে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পর্যাপ্ত প্রার্থী পাওয়া না গেলে ফিটার ট্রেডের জন্য নির্বাচিত প্রার্থীদের এই পদের জন্য কর্তৃপক্ষ পৃথকভাবে নিয়োগ করবে। ২ মাস ট্রেনিং দিয়ে তাঁদের নিয়োগ করা হবে।

সেমি-স্কিল্ড আই ডি-টু: **ইউটিলিটি হ্যান্ড (সেমি স্কিল্ড):** ১৪৫টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৩৯, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। এছাড়া সংশ্লিষ্ট কাজে কোনও শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ১ বছরের অভিজ্ঞতা।

**ফায়ার ফাইটার:** ৩৩টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফায়ার ফাইটিংয়ে অন্তত ৬ মাসের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। সঙ্গে হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকা বাধ্যতামূলক।

**সেল মেকার:** ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সঙ্গে কাটিং অ্যান্ড টেলরিং বা কাটিং অ্যান্ড সিউয়িং ট্রেডে আই টি আই কোর্স পাশ।

সেমি-স্কিল্ড আই ডি-৪ এ: **লঞ্চ ডেক ক্রু:** ৩৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ক্রু হিসেবে ২২৬ ব্রেক হর্সপাওয়ার ক্ষমতাসম্পন্ন টাগ বা লঞ্চ বা ভেসেলে এক বছরের অভিজ্ঞতা-সহ জেনারেল পারপাশ রেটিং কোর্স পাশ করে থাকতে হবে। কোর্সগুলি ডি জি শিপিং কর্তৃক অনুমোদিত হতে হবে। অথবা ক্রু হিসেবে ২২৬ ব্রেক হর্সপাওয়ার ক্ষমতাসম্পন্ন টাগ বা লঞ্চ বা ভেসেলে তিন বছরের অভিজ্ঞতা-সহ নন জেনারেল পারপাস রেটিং থাকতে হবে। উভয় ক্ষেত্রেই সাঁতার জানা বাধ্যতামূলক।

মোট শূন্যপদের মধ্যে ৪৬টি দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৩৯টি শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৪৬টি বৌদ্ধিক প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য এবং ২৭টি লোকোমোটর ডিজেবিলিটি, সেরিব্রাল পালসি, কুষ্ঠ রোগাক্রান্ত, বামন, অ্যাসিড আক্রান্তদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৮ বছরের মধ্যে থাকতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** স্কিল্ড গ্রেড-ওয়ান আই ডি এ-৫ ক্যাটেগরির ক্ষেত্রে ১৭,০০০-৬৪,৩৬০ টাকা। সেমি-স্কিল্ড আই ডি এ-টু ক্যাটেগরির ক্ষেত্রে ১৩,২০০-৪৯,৯১০ টাকা। সেমি-স্কিল্ড আই ডি এ-৪ এ ক্যাটেগরির ক্ষেত্রে ১৬,০০০-৬০,৫২০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, প্রার্থীর অভিজ্ঞতা ও প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazagondock.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় নথিপত্র জেপেগ ফর্ম্যাটে আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

ই-রিসিপ্ট ও পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**MANISHA INTERNATIONAL SCHOOL**
A Co-educational Senior Secondary English Medium, Residential cum Day Boarding School
Affiliated to CBSE, New Delhi, Affiliation No.: 2430105

Applications are invited for Residential Teachers (Maths, Science & Languages-Eng/Bengali). Interested and eligible candidates are requested to apply/contact below

E-mail : hr@rahul.ac.in, diatm.principaloffice@rahul.ac.in

Contact : 9083249552 / 9434323131
CAMPUS :
G.T. Road, Rajbandh, Durgapur-713212, Dist.- Paschim Burdwan



**RABINDRA BHARATI UNIVERSITY**
School of Languages and Culture
56A, B.T. ROAD, KOLKATA-700 050

Ref No: RB/REG/274/2019
Date: 14/08/2019
Notice
Admissions open for Language Courses. Please Visit www.rbu.ac.in
Registrar (Acting)



NCVT অনুমোদিত
(পশ্চিমবঙ্গ বোর্ড)
ITI • ফিটার • ইলেক্ট্রিশিয়ান
ক্যাম্পাসিং ও প্লেসমেন্ট, সরকারি স্কলারশিপ, লাইব্রেরি, Industrial Tour, নিজস্ব কলেজ বাস ও ক্যান্টিন
কল্যাণী : 907011457/51



পাবলিকেশন কোম্পানিতে নিম্নের পদগুলির জন্য
• প্রুফ রিডার • এডিটরস্
• মার্কেটিং স্টাফ, জেলাভিত্তিক (স্থায়ী ও অস্থায়ী)
• মার্কেটিং সুপারভাইজার্স
• ডি.টি.পি. অপারেটার • পেজ সেটার
★ স্যালারি, কমিশন, বোনাস, ইনসেনটিভ, অভিজ্ঞতা ও আলোচনা অনুসারে।
বুক ইন্ডিয়া ৫৭/২ডি কলেজস্ট্রীট, কলকাতা-৭৩
Mail-id : bookindia2012@gmail.com



**MSME - TOOL ROOM, KOLKATA**
(Central Tool Room & Training Cente)
Ministry of MSME, Govt. of India
Bonhooghly Industrial Area, Kolkata - 700 108
E-Mail : cttc-msme@gov.in Website: www.msmetoolroomkolkata.com
CTTC KOLKATA
ISO 9001 : 2015 ISO 29990 : 2010 OHSAS 18001 : 2007 CERTIFIED

**ADMISSION NOTICE**
ENTREPRENEURSHIP CUM SKILL DEVELOPMENT PROGRAMME
**FREE TRAINING PROGRAMME**

MSME Tool Room - Kolkata is the leading Tool Room & Training Centre in India imparting skill based training for aspiring candidates in the field of Manufacturing/CNC Technology. Following Training Programmes are designed to upgrade skill of prospective entrepreneurs, existing work force and also develop skills of workers and technicians.

| Sl. No. | Course Title | Eligibility | Commencement Date |
|---|---|---|---|
| 1. | Advance Diploma in Computer Hardwork & Networking Management | Preferably B.Sc / Diploma Degree in Engineering | 10.09.2019 |
| 2. | Master Certificate Course in Mechatronics | Preferably Diploma in Mechanical / Production / Electronics / Electrical / Instrumentation - Engineering | 10.09.2019 |

Interested candidates are requested to appear for **Walk-in-Interview on 28-08-2019 at 10.00 a.m. along with their Resume mentioning the Course applied, attested copies of Qualification, Aadhaar Card (Mandatory), two copies of Passport size Photographas. For further details please contact : 9038578065 / 9330193304**

MASE SAMPARK : SKILL UNBOUND, OPPORTUNITIES UNLIMITED


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৫ অগস্ট-১০ অগস্ট

**৫ অগস্ট** ইসলামাবাদে নিযুক্ত ভারতীয় হাই-কমিশনারকে ডেকে পাঠিয়ে ৩৭০ ধারা খারিজ ও জম্মু-কাশ্মীর রাজ্যের প্রশাসনিক বিভাজনের প্রতিবাদ জানাল পাকিস্তান। ভারতের 'বেআইনি' ও 'একতরফা' এই সিদ্ধান্তের মোকাবিলায় সম্ভাব্য সব পদক্ষেপ করা হবে বলে পাক বিদেশ মন্ত্রক জানিয়েছে।

হয়েছিল। ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রভীশ কুমার অবশ্য এই দাবি উড়িয়ে দিয়ে বলেছেন, 'আতঙ্ক সৃষ্টি করছেন ওঁরাই। আন্তর্জাতিক মহল কোনও যুদ্ধ পরিস্থিতি দেখছে না। এ-সবই হল ছলচাতুরী করে নজর ঘোরানোর চেষ্টা।' উল্লেখ্য, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মধ্যস্থতার প্রস্তাব দেওয়াতেই ভারত তড়িঘড়ি কাশ্মীরের

## প্রয়াত সুষমা স্বরাজ



**৬ অগস্ট:** বিজেপির জনপ্রিয় নেত্রী, প্রাক্তন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ (৬৭) প্রয়াত হলেন। আচমকাই হৃদরোগে আক্রান্ত হয়ে নয়াদিল্লিতে প্রয়াত হন তিনি। দীর্ঘদিন ধরে কিডনির সমস্যায় আক্রান্ত থাকায় গত লোকসভা নির্বাচনে সুষমা প্রার্থী হননি। তাঁর প্রয়াণে প্রধানমন্ত্রী টুইট করে লেখেন, 'সুষমা স্বরাজ দুর্দান্ত বক্তা ও অসাধারণ সাংসদ ছিলেন। দল নির্বিশেষে তাঁর গ্রহণযোগ্যতা ছিল। বিজেপির স্বার্থ ও আদর্শের প্রশ্নে তিনি আপস করতেন না।' বিদেশমন্ত্রী থাকাকালীন বিদেশ মন্ত্রককে নতুন উচ্চতায় নিয়ে যান সুষমা। বিদেশে অসুবিধায় পড়া ভারতীয় নাগরিকরা তাঁকে টুইট করলেই সক্রিয় হয়ে উঠতেন তিনি। ভারতে চিকিৎসা করতে আসার প্রয়োজনে বহু মানুষকে সহায়তা দিয়েছেন। যে পাকিস্তানি নাগরিকেরা ভারতে চিকিৎসা করতে আসার প্রয়োজনে সমস্যায় পড়েছেন তাঁদেরও মুশকিল আসান হয়ে উঠেছেন তিনি। মার্কিন সংবাদমাধ্যম তাঁকে 'সুপারমম' আখ্যা দিয়েছিল। **ছবি:** পি টি আই



"ভারত নীতিগত ভাবে পরমাণু অস্ত্রের প্রথম ব্যবহারকারী হওয়ার বিপক্ষে। এতদিন তা মেনে আসা হয়েছে। কিন্তু ভবিষ্যতে কী হবে, তা পরিস্থিতির উপর নির্ভর করছে।"

**রাজনাথ সিং,** *কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী*

পোখরানে পরমাণু বিস্ফোরণস্থলে দাঁড়িয়ে পরমাণু অস্ত্র ব্যবহার নীতিতে পরিবর্তনের ইঙ্গিত দিয়ে

## প্রয়াত টনি মরিসন



**৬ অগস্ট:** সাহিত্যে নোবেল পুরস্কার প্রাপ্ত মার্কিন কৃষ্ণাঙ্গ লেখিকা টনি মরিসন (৮৮) প্রয়াত হলেন। ১৯৭০ সালে প্রকাশিত হয় তাঁর প্রথম উপন্যাস 'দ্য ব্লুয়েস্ট আই'। সাহিত্যে নোবেল পুরস্কার আসে ১৯৯৩ সালে। পেয়েছেন পুলিৎজার পুরস্কারও। ১৯৮৭ সালে প্রকাশিত হয় তাঁর সবথেকে বিখ্যাত উপন্যাস 'বিলাভেড'। তাঁর অন্যান্য বিখ্যাত গ্রন্থগুলির মধ্যে রয়েছে, 'সং অফ সলোমন', 'এ মার্সি' ইত্যাদি।

কাশ্মীর নিয়ে এই পদক্ষেপের কথা আগে থাকতে তাদের জানায়নি নরেন্দ্র মোদী সরকার। লাদাখকে আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল করায় ক্ষোভ প্রকাশ করেছে চিনও। এ দিন পাক পার্লামেন্টের যৌথ অধিবেশনে মন্ত্রী ফওয়াদ চৌধুরি বলেন, 'যখন কূটনীতিই হচ্ছে না, তখন কূটনীতির জন্য অর্থ খরচ করে লাভ কী? ভারতীয় হাইকমিশনার এখানে কী করছেন? পাক হাইকমিশনারও বা দিল্লিতে কী করছেন? ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করা উচিত'।

**৮ অগস্ট** কাশ্মীর নিয়ে নিজের উদ্বেগ জানালেন নোবেল শান্তি পুরস্কার জয়ী পাকিস্তানি সমাজকর্মী মালালা ইউসফজাই। টুইটারে তিনি লিখেছেন, 'সাত দশক ধরে কাশ্মীরের শৈশব হিংসার মধ্যে বড় হচ্ছে।' মালালা আশা প্রকাশ করেছেন, দক্ষিণ এশিয়ার মানুষ, আন্তর্জাতিক মহল এবং সংশ্লিষ্ট সব পক্ষই তাঁদের কথা ভাববেন। মালালার মন্তব্য সামনে আসার পর থেকেই শুরু হয় সমালোচনার ঝড়। বালুচিস্তান নিয়ে তিনি চুপ কেন, পাকিস্তানের সংখ্যালঘুদের নিয়ে তিনি চুপ কেন— এই সব প্রশ্ন তোলেন নেটিজেনরা।

**খাদ্যসুরক্ষা নিয়ে বিশ্বের মানুষকে সতর্ক** করল রাষ্ট্রপুঞ্জ। জলবায়ু পরিবর্তন নিয়ে রাষ্ট্রপুঞ্জের বিশেষ প্যানেল (আইপিসিসি) একটি রিপোর্টে জানিয়েছেন, এখনই সচেতন না হলে কয়েক দশকের মধ্যে খাদ্যাভাবের মুখে পড়বে মানুষ। তার জন্য অসামঞ্জস্য কৃষিকাজ, বৃক্ষ ছেদন ও জমির অনুপযুক্ত ব্যবহারকে দুষেছেন বিজ্ঞানীরা। জমি সংক্রান্ত ওই রিপোর্টে জানানো হয়েছে, ভবিষ্যতে বিশ্ব উষ্ণায়ণ রুখতে ক্রান্তীয় উদ্ভিদদের রক্ষা করা অত্যন্ত জরুরি।

## জম্মু-কাশ্মীরকে উজ্জ্বল ভবিষ্যতের আশ্বাস প্রধানমন্ত্রীর



**৮ অগস্ট:** জম্মু-কাশ্মীরে ৩৭০ ধারা বিলোপের পর জাতির উদ্দেশে দেওয়া বক্তৃতায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী দিনে উপত্যকায় সোনালী ভবিষ্যৎ আনার আশ্বাস দিলেন। কাশ্মীরে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা মোকাবিলার কী পরিকল্পনা সরকার করেছে মোদীর কাছ থেকে সেই পথনির্দেশই প্রত্যাশা করেছিল গোটা দেশ। প্রধানমন্ত্রী জানালেন, জম্মু-কাশ্মীরে ভোট হবে, মানুষ নিজের বিধায়ক-মুখ্যমন্ত্রী পাবেন। রোজগার বাড়বে। উন্নয়নের হাত ধরে আসবে বিনিয়োগ। রাজ্যের মর্যাদাও আবার ফিরে পাবে জম্মু-কাশ্মীর। সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ কাশ্মীরে বলবৎ থাকায় পাকিস্তান উপত্যকায় সন্ত্রাসে মদত এবং বিচ্ছিন্নতাবাদে উস্কানি দিয়ে এসেছে বলে দাবি করেন মোদী। জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রীদের নাম না করে নতুন কাশ্মীরের নির্বাচনে পরিবারতন্ত্রকে ছুড়ে ফেলার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী।

**পনেরো বছরের আন্তর্জাতিক ক্রিকেট** জীবনে ইতি টানলেন হাসিম আমলা। দক্ষিণ আফ্রিকার বিখ্যাত ব্যাটসম্যানদের মধ্যে উপরের দিকেই থাকা আমলা জানিয়ে দিয়েছেন, কোনও ফর্মাটের ক্রিকেটেই তিনি আর দেশের হয়ে নামবেন না। তবে ঘরোয়া ক্রিকেট এখনই ছাড়ছেন না তিনি। ১২৪ টেস্টে তাঁর রান ৯২৮২। গড় ৪৬.৬৪। শতরান ২৮টি। তিনি দক্ষিণ আফ্রিকার একমাত্র ব্যাটসম্যান যিনি টেস্টে ট্রিপল সেঞ্চুরি করেছেন। ১৮১টি একদিনের ম্যাচ খেলে করেছেন ৮১১৩ রান। সর্বোচ্চ ১৫৯। দীর্ঘ সময়ে ওয়ান ডে ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে ছিলেন আমলা।

**৯ অগস্ট** পাক প্রধানমন্ত্রী ইমরান খান অভিযোগ করলেন, কাশ্মীর থেকে বিশ্বের নজর ঘোরাতে ভারত 'যুদ্ধের মতো পরিস্থিতি' তৈরি করতে পারে। পাক প্রধানমন্ত্রীর দাবি, পুলওয়ামার পরেও এমন অবস্থা তৈরি

বিশেষ মর্যাদা তুলে নিয়েছে বলে অভিযোগ করেছিলেন ইমরান। তিনি জানান, ভারত এমন পরিস্থিতি (ফল্স ফ্ল্যাগ অপারেশন) তৈরি করতে পারে যাতে অন্য পক্ষের উপর দায় পড়ে। পাক প্রধানমন্ত্রী বলেন, 'এমন পরিস্থিতির মোকাবিলা করতে হবে। এ ভাবেই যুদ্ধ বাধতে দেখেছি। আমরা সম্পর্ক স্বাভাবিক করতে চেয়েছি। কিন্তু ওরা (ভারত) ভোটে পুলওয়ামার ফায়দা নিতে চেয়েছে। এখন চেষ্টা চালাচ্ছে আমাদের এফটিএফের কালো তালিকায় তোলার।

**৬৬তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে সেরা** ছবির সম্মান পেল গুজরাটি ছবি 'হেল্লারো'। সেরা জনপ্রিয় ছবির পুরস্কার জিতেছে 'বাধাই হো'। এ বছরের সেরা বাংলা ছবির পুরস্কার পেয়েছে সৃজিত মুখোপাধ্যায়ের ছবি 'এক যে ছিল রাজা'। চূর্ণী গঙ্গোপাধ্যায় পরিচালিত 'তারিখ' সেরা সংলাপের জন্য সম্মানিত হয়েছে। ইন্দ্রদীপ দাশগুপ্তর প্রথম ছবি 'কেদারা' পেয়েছে বিশেষ জুরি অ্যাওয়ার্ড। নন-ফিচার ফিল্ম বিভাগে সেরা স্পোর্টস ফিল্মের পুরস্কার জিতেছে 'সুইমিং থ্রু দ্য ডার্কনেস', যার পরিচালক সুপ্রিয় সেন।

পাকিস্তানের বক্তব্য, রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে গৃহীত প্রস্তাবে কাশ্মীরকে 'বিতর্কিত অঞ্চল' বলা হয়েছে। মুসলিম দেশগুলির সংগঠন, আমেরিকা ও অন্যান্য দেশগুলির কাছে ইসলামাবাদ এই নিয়ে দরবার করবে বলে জানিয়েছে। তবে ৩৭০ ধারা বাতিল যেহেতু একেবারেই ভারতের অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয়, তাই এ নিয়ে মুখ খোলেনি পাকিস্তান ছাড়া অন্য কোনও দেশ। রাষ্ট্রসঙ্ঘ সতর্ক আচরণ করার পরামর্শ দিয়েছে ভারত ও পাকিস্তান দু'পক্ষকেই।

**৬ অগস্ট** জম্মু-কাশ্মীরের ৩৭০ ধারা বিলোপের সিদ্ধান্ত নিয়ে মুখ খুললেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। নয়াদিল্লিকে হুঁশিয়ারি দিয়ে তিনি জানালেন, কাশ্মীরে এ বার অশান্তি বাড়বে। পুলওয়ামার ঘটনার প্রসঙ্গ টেনে ইসলামাবাদে পাক পার্লামেন্টে ইমরান জানান, ভবিষ্যতে ভারতে পুলওয়ামার মতো ঘটনা আরও ঘটবে। তাঁর আরও বক্তব্য, মোদী সরকারের এই সিদ্ধান্তে দুই পরমাণু শক্তিধর দেশের মধ্যে সম্পর্ক খারাপ হবে।

**পরমাণু চুক্তি নিয়ে আমেরিকার সঙ্গে** আলোচনায় যেতে রাজি বলে জানাল ইরান। কিন্তু তার আগে মার্কিন প্রশাসনকে নিষেধাজ্ঞা তুলতে হবে বলে জানিয়েছেন, ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানি। চুক্তির পুনর্নবীকরণের আগেই গত বছর তা থেকে সরে আসে আমেরিকা। এ দিন শীর্ষ স্তরে বৈঠকের পর রৌহানি বলেছেন, 'ইরান আমেরিকার সঙ্গে মধ্যস্থতায় রাজি। তবে তার আগে তেহরানের উপর থেকে আর্থিক নিষেধাজ্ঞা তুলতে হবে।'

**ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস** মাদুরোর উপর চাপ বাড়াতে তাঁর সরকারের উপর নতুন করে নিষেধাজ্ঞা চাপালেন ডোনাল্ড ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্টের সই করা একটি নির্দেশনামায় জানানো হয়েছে যে, ভেনেজুয়েলা সরকারের যে সম্পত্তি আমেরিকায় রয়েছে, তা বাজেয়াপ্ত করা হবে।

**৭ অগস্ট** রাষ্ট্রপুঞ্জ জানাল ভারত সরকার যে ভাবে কাশ্মীরে নিষেধাজ্ঞা চাপিয়েছে, তাতে সেখানকার মানবাধিকার পরিস্থিতি আরও শোচনীয় হচ্ছে। জেনিভায় রাষ্ট্রপুঞ্জের মুখপাত্র জানান, 'ভারত শাসিত কাশ্মীরে' টেলিযোগাযোগ ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে। শান্তিপূর্ণ সমাবেশও নিষিদ্ধ। সেখানকার নির্বাচিত জনপ্রতিনিধিদের বিনা কারণে গ্রেপ্তার করা হয়েছে।

**জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা লোপ করা** এবং দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলে ভাগ করার বিরোধিতা করে পাকিস্তান ইসলামাবাদে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার অজয় বিসারিয়াকে বহিষ্কার করে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক কার্যত ছিন্ন করল। কাশ্মীর পরিস্থিতি নিয়ে ভারতের বিরুদ্ধে রাষ্ট্রপুঞ্জে সরব হওয়ার সিদ্ধান্তও নিয়েছে তারা। মার্কিন বিদেশ দপ্তরও জানিয়েছে

## কংগ্রেস সভাপতি হলেন সনিয়া



**১০ অগস্ট:** রাহুল গান্ধীর জায়গায় কংগ্রেস সভাপতি পদে ফিরে এলেন সনিয়া গান্ধী। তবে এই ব্যবস্থা অস্থায়ী বলে কংগ্রেস দপ্তর সূত্রে বলা হয়েছে। দলের ওয়ার্কিং কমিটির বিবৃতি জানাচ্ছে, এআইসিসি নতুন সভাপতি নির্বাচন না-করা পর্যন্ত অন্তর্বর্তী সভাপতি হিসেবে কাজ চালাবেন সনিয়া। লোকসভা ভোটে বিপর্যয়ের পর গত ২৫ মে সভাপতি পদ ছেড়ে দেওয়ার কথা ঘোষণা করেন রাহুল গান্ধী। আড়াইমাস ধরে সভাপতি হীন অবস্থায় ক্রমশ দিশা হারাচ্ছিল দল। রাহুলকে বারবার অনুরোধ করা সত্ত্বেও তিনি ফের সভাপতি হতে রাজি হননি। অন্য যে সব নেতার নাম সভাপতি হিসেবে উঠে এসেছিল তাঁদের কারুর ক্ষেত্রেই সর্বসম্মত সিদ্ধান্তে পৌঁছতে পারেনি দল। শেষ পর্যন্ত অস্থায়ী ভাবে হলেও সভাপতি হতে রাজি হন সনিয়া। তবে এই ব্যবস্থা কতটা অস্থায়ী হবে, তা নিয়ে দলের অভ্যন্তরেই সংশয় রয়েছে। অনেক নেতাই জানিয়েছেন, গান্ধী পরিবারের বাইরে অন্য কোনও নাম নিয়ে যে দলে ঐকমত্য নেই, তা ফের স্পষ্ট হয়ে গিয়েছে। **ছবি:** পি টি আই

## টেস্ট ক্রিকেট থেকে অবসর নিলেন স্টেন



**৫ অগস্ট:** টেস্ট ক্রিকেটকে বিদায় জানালেন দক্ষিণ আফ্রিকার ফাস্ট বোলার ডেল স্টেন। ১৫ বছরের টেস্ট জীবনে ৯৩ টেস্ট খেলেছেন তিনি। পেয়েছেন ৪৩৯ উইকেট। দক্ষিণ আফ্রিকার বোলারদের মধ্যে তিনিই সর্বোচ্চ উইকেটশিকারি। গোটা বিশ্বে টেস্টে বোলারদের তালিকায় তিনি অষ্টম স্থানে। পেসারদের তালিকায় তিনি পঞ্চম স্থানে রয়েছেন। টেস্ট থেকে সরে দাঁড়ালেও ৩৬ বছর বয়সি পেসার সীমিত ওভারের ক্রিকেটে এখনও খেলবেন বলে জানিয়েছেন।

## জম্মুতে শান্তি ফিরলেও কাশ্মীরে বিক্ষোভ



**৯ অগস্ট:** জম্মু-কাশ্মীরের ৩৭০ ধারা বিলোপের চার দিন পর জম্মু থেকে উঠল ১৪৪ ধারা। সাম্বা-কাঠুয়ার মতো জম্মুর বেশ কিছু জায়গায় খুলল স্কুলও। শ্রীনগরেও কার্ফু শিথিল হয়ে ১৪৪ ধারা জারি হওয়ায় কিছু মানুষ রাস্তায় বেরিয়েছেন। জম্মু-কাশ্মীরের মুখ্যসচিব বিভিআর সুব্রহ্মণ্যম বলেছেন, 'মানুষ স্থানীয় মসজিদে গিয়ে নমাজ পড়েছেন। সুযোগসন্ধানীরা যাতে গোলমাল করতে না-পারে সেই জন্য কড়া পাহারা থাকলেও নমাজিদের আটকানো হয়নি।' তবে ৯ অগস্ট বিবিসি-র সম্প্রচারিত একটি ভিডিয়োয় উঠে এসেছে অন্য ছবি। ব্রিটিশ চ্যানেল বিবিসি-র দেখানো ভিডিয়োটিতে দেখা গিয়েছে শ্রীনগরের রাস্তায় হাজারেরও বেশি বিক্ষোভকারীকে ছত্রভঙ্গ করতে ছররা ও কাঁদানে গ্যাস ছুড়ছে সেনা। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক বিবিসি-র এই ভিডিয়ো সম্পূর্ণ মিথ্যা বলেই ১১ অগস্ট বিবৃতি জারি করেছিল। তবে পরে আগের অবস্থান থেকে সরে এসে স্বরাষ্ট্রমন্ত্রক মেনে নেয় ৯ অগস্টের নমাজের পর শ্রীনগরের শৌরায় স্থানীয় মানুষ ও পুলিশের মধ্যে সংঘর্ষ বাধে, ছররা গুলি চলে। **ছবি:** পি টি আই

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইতিবাচক মনোভাব নিয়ে ইন্টারভিউ দিতে গেলে আত্মবিশ্বাস বাড়ে



**মুকেশ কুমার**
ডেপুটি জেনারেল ম্যানেজার (হিউম্যান রিসোর্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন)
ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড



ইন্টারভিউ দিতে যাওয়ার সময় মনে রাখতে হবে, স্কুল-কলেজের পরীক্ষার সঙ্গে চাকরির ইন্টারভিউয়ের পার্থক্য রয়েছে। ধরা যাক, কোনও ইন্টারভিউয়ে একজন প্রার্থী দশটা প্রশ্নের মধ্যে মাত্র ছ'টার উত্তর দিতে পারল। আরেকজন প্রার্থী দশটার মধ্যে ন'টারই ঠিক উত্তর দিল। স্বাভাবিক ভাবেই মনে হতে পারে, দ্বিতীয় প্রার্থী ইন্টারভিউতে সফল হবে। এই ধারণা সম্পূর্ণ ভুল। সঠিক উত্তরের সংখ্যার ভিত্তিতে পরীক্ষায় নম্বর বেশি মিলতে পারে, কিন্তু ইন্টারভিউয়ে কেবল এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হয় না। যে অল্প প্রশ্নের উত্তর দিতে পারল সেও কিন্তু অন্যদের টপকে নিজেকে যোগ্যতম প্রমাণ করতেই পারে। কীভাবে?

### নিজেকে যোগ্য প্রমাণ করবে কীভাবে

প্রার্থীর ব্যক্তিত্ব, মনোভাব, শেখার ইচ্ছে এতটাই হয়তো চোখে পড়ার মতো যে, ইন্টারভিউয়ার উত্তর দিতে না পারার বিষয়টিকে কম গুরুত্ব দিলেন। সব প্রশ্নের উত্তর হয়তো সে দিতে পারেনি, কিন্তু যেটুকু কথা বলেছে তার মধ্য দিয়েই কাজের ক্ষেত্রে তার দক্ষতা ও গুণগত মান বজায় রাখার বিষয়ে স্পষ্ট একটা ধারণা তৈরি করে দিতে পেরেছে ইন্টারভিউয়ারের মনে।

> ধরা যাক, ইন্টারভিউয়ে সফল হলে না। তখন কি নিজেকে ব্যর্থ ভেবে ভেঙে পড়বে? কখনওই নয়। বরং কোথায় তোমার ভুল ছিল, কোন জায়গাটা তৈরি হয়নি, সেসবই এই ব্যর্থতা থেকে হাতে-কলমে জানা হয়ে যাবে। এবার সেই জায়গাগুলো মেরামতির চেষ্টা করো।

প্রার্থী কীভাবে উত্তর দিচ্ছে তার উপরও অনেক কিছু নির্ভর করে। যেমন, কোনও একটি প্রশ্নের উত্তরে হয়তো একজন বলল, 'এই প্রশ্নের উত্তরটা দিতে পারব না', কেউ বলল, 'পড়েছিলাম, কিন্তু এখন বলতে পারছি না'। প্রথম প্রার্থীর কথায় বোঝা যাবে তার সেই বিষয়ক জ্ঞানে ঘাটতি আছে, ফলে নম্বর কাটা যাবে। দ্বিতীয় প্রার্থীর কথায় ইন্টারভিউয়ার বুঝবেন, তার বিষয়গত জ্ঞান কম তো আছেই, সেই সঙ্গে তার ভুলে যাওয়ারও অভ্যেস আছে। ফলে তার আর-একটু বেশি নম্বর কাটা যাবে। অথচ দ্বিতীয়জন হয়তো ভেবেছিল যে, এইভাবে উত্তর দিয়ে ব্যাপারটা ম্যানেজ করে ফেলেছে। তাই ইন্টারভিউয়ে প্রতিটি কথা এমনভাবে বলা উচিত যাতে বক্তব্যে ওজন থাকে।

### নিজের দক্ষতা প্রকাশ করো

কর্মী হিসেবে তোমার গুণাবলি বিচার করা হবে চাকরির বাজারে। তাই নিজের যতটুকু দক্ষ তা যে বিষয়ে আছে, তা ভালো করে বোঝাতে হবে ইন্টারভিউয়ের ওই স্বল্প সময়ের মধ্যে। অতএব ইন্টারভিউয়ের জন্য তৈরি হওয়ার সময় বেশ কয়েকটি দিকে খেয়াল রাখো।

স্নাতকস্তরের পরই যখন ইন্টারভিউ দিতে যাচ্ছ, প্রথম প্রয়োজন বিষয়গত জ্ঞান। যে-ধরনের কাজের জন্য যাচ্ছ, সেই সম্পর্কে ভালো করে জেনে যেতে হবে।

দ্বিতীয় হল আত্মবিশ্বাস। ইন্টারভিউ দিলে দুটো ব্যাপার ঘটতে পারে। হয় চাকরিটা হবে, নয়তো চাকরিটা পাবে না। তৃতীয় কোনও ঘটনার এখানে জায়গাই নেই। তাই ইতিবাচক মনোভাব নিয়েই যেতে হবে। দোনামোনায় থাকলে ভয় পাবে, ভুল করবে। তাই সবসময় মনে করবে তুমিই সেরা। মনে করবে তুমি ইন্টারভিউ দিতে গিয়েছ যখন, চাকরিটা নিয়েই বেরোবে। প্রথমেই নেতিবাচক ধারণা নিয়ে কেনই বা যাবে? ইন্টারভিউ দিতে গিয়ে দশজন ছেলেমেয়েকে দেখে, তাদের ভালোমন্দ বিচার করতে শুরু করে দিল এবং ঘাবড়ে গেল— এমনটা অনেকের ক্ষেত্রেই হয়। তাই শুধু নিজের কথা ভাবো। নিজেকে সবার চেয়ে ভালো মনে করো।

### ভুল থেকেই শেখো

ধরা যাক, ইন্টারভিউয়ে সফল হলে না। তখন কি নিজেকে ব্যর্থ ভেবে ভেঙে পড়বে? কখনওই নয়। বরং কোথায় তোমার ভুল ছিল, কোন জায়গাটা তৈরি হয়নি, সেসবই এই ব্যর্থতা থেকে হাতে-কলমে জানা হয়ে যাবে। এবার সেই জায়গাগুলো মেরামতির চেষ্টা করো। তাতে পরের বার আরও ভালো প্রস্তুতি নিয়ে ইন্টারভিউ দিতে যেতে পারবে।

ইন্টারভিউয়ের নির্দিষ্ট জায়গায় পনেরো মিনিট সময় হাতে নিয়ে পৌঁছতে হবে। এমন যেন না হয় যে, নির্ধারিত সময়ের আধ ঘণ্টা দেরিতে ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছলে। কারণ তাহলে সেখানেই তোমার অর্ধেক আত্মবিশ্বাস, তৈরি করে আসা উত্তর সব গোলমাল হয়ে যাবে। তার বদলে হাতে একটু সময় থাকলে পরিবেশের সঙ্গে মানিয়ে নিতে পারবে।







Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে 'বন্দে মাতরম' গানটি প্রথম গাওয়া হয়েছিল?
(a) 1895 (b) 1896 (c) 1885 (d) 1899
2. নিম্নে উল্লিখিত কার উপাধি ছিল 'মহেশ্বর'?
(a) প্রথম কদফিসিস (b) দ্বিতীয় কদফিসিস (c) কণিষ্ক (d) অশোক
3. বরদৌলি সত্যাগ্রহের নেতা কে ছিলেন?
(a) মহাদেব দেশাই (b) গান্ধীজি (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) বিপিনচন্দ্র পাল
4. কত তারিখে সাইমন কমিশন প্রকাশিত হয়?
(a) 7 জুন (b) 7 এপ্রিল (c) 7 জুলাই (d) 8 জুন
5. কাদের মধ্যে পুনা চুক্তি হয়েছিল?
(a) গান্ধীজি এবং জিন্না (b) গান্ধীজি এবং আম্বেদকর (c) গান্ধীজি এবং লর্ড ডারউইন (d) গান্ধীজি এবং সুভাষচন্দ্র বসু
6. 1946 সালের তেভাগা আন্দোলন কোথায় সংগঠিত হয়েছিল?
(a) পাঞ্জাব (b) গুজরাট (c) বাংলা (d) মহারাষ্ট্র
7. কোন গভর্নর জেনারেলের আমলে বিধবাবিবাহ আইন প্রণীত হয়েছিল?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড রিপন (c) লর্ড ডালহৌসি (d) কেউই নন
8. দিল্লির কোন সুলতান প্রথম 'জিজিয়া কর' প্রবর্তন করেন?
(a) ইলতুৎমিস (b) ফিরোজ তুঘলক (c) বলবন (d) মহম্মদ বিন তুঘলক
9. কোতোয়ালি দরওয়াজা কার সময়ে তৈরি হয়?
(a) রাজা গণেশ (b) ইলিয়াস শাহ (c) সিকন্দর শাহ (d) জালালউদ্দিন ফতে শাহ
10. নিম্নলিখিতদের মধ্যে কাকে বারবক শাহ 'পণ্ডিত সার্বভৌম' উপাধি দেন?
(a) কবি কৃত্তিবাস (b) বৃহস্পতি মিশ্র (c) মুকুন্দ দাস (d) ইব্রাহিম কায়ুম ফারুকি
11. সিঙ্কোনায় যে উপক্ষারটি পাওয়া যায় তা হল:
(a) মরফিন (b) নিকোটিন (c) রেসারপিন (d) কোনওটিই নয়
12. একটি বৃক্ষের বয়স নির্ধারণ করা যায়:
(a) উচ্চতার দ্বারা (b) বর্ষবলয়ের দ্বারা (c) ওজনের দ্বারা (d) কোনওটিই নয়
13. ভারতের সংবিধান কবে গৃহীত হয়?
(a) 26 জানুয়ারি, 1950 (b) 26 অগস্ট, 1949 (c) 26 নভেম্বর, 1949 (d) 26 জানুয়ারি, 1949
14. শাসনতন্ত্রের চূড়ান্ত ব্যাখ্যাকর্তা কে?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) সুপ্রিম কোর্ট (d) উপ-রাষ্ট্রপতি
15. কে রাজ্যপালকে শপথবাক্য পাঠ করান?
(a) প্রধানমন্ত্রী (b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (c) রাষ্ট্রপতি (d) সংশ্লিষ্ট রাজ্যের হাইকোর্টের প্রধান বিচারপতি
16. কবে সিকিম ভারতের ২২তম অঙ্গরাজ্য হিসেবে পূর্ণ রাজ্যের মর্যাদা পায়?
(a) 1975 সালে (b) 1976 সালে (c) 1977 সালে (d) 1978 সালে
17. কোন কলা পাতায় প্রস্তুত খাদ্য উদ্ভিদ-দেহে পরিবহণ করে?
(a) মূল (b) জাইলেম (c) ফ্লোয়েম (d) কোনওটিই নয়
18. 'যেতে পারি কিন্তু কেন যাব' কে লিখেছিলেন?
(a) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (b) বিজন ভট্টাচার্য (c) সুনীল গঙ্গোপাধ্যায় (d) শক্তি চট্টোপাধ্যায়
19. ভারতবর্ষের সংবিধানের নিম্নোক্ত আইনকে মডেল করে গড়ে উঠেছে:
(a) দি ইন্ডিয়ান কাউন্সিলস অ্যাক্ট, 1909 (b) গভর্নমেন্ট অব ইন্ডিয়া অ্যাক্ট, 1935 (c) গভর্নমেন্ট অব ইন্ডিয়া অ্যাক্ট, 1858 (d) কোনওটিই নয়
20. কততম সংবিধান সংশোধন দ্বারা পঞ্চায়েতকে শাসনতান্ত্রিক মর্যাদা দেওয়া হয়েছে?
(a) 71তম (b) 72তম (c) 73তম (d) 74তম
21. সংবিধানের কত ধারা বলে রাষ্ট্রপতি কোনও রাজ্য সরকারকে বরখাস্ত করতে পারে?
(a) 352 (b) 355 (c) 356 (d) 368
22. সালোকসংশ্লেষ সর্বাপেক্ষা সক্রিয়:
(a) সাদা আলোকে (b) লাল আলোকে (c) নীল আলোকে (d) কোনওটিই নয়
23. অর্থ কমিশন বার্ষিক প্রতিবেদন পেশ করে কার কাছে?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) অর্থমন্ত্রী (d) লোকসভার স্পিকার
24. কোন নদীর উপর গড়ে উঠেছে নিজাম সাগর প্রকল্প?
(a) দামোদর (b) বিতস্তা (c) ঝিলাম (d) মঞ্জিরা
25. কোন নদীর উপর গড়ে উঠেছে স্যালন প্রকল্প?
(a) কাবেরী (b) তাপ্তি (c) শতদ্রু (d) চন্দ্রভাগা
26. কোন নদীর তীরে রৌরকেল্লা লৌহ ইস্পাত কারখানা গড়ে উঠেছে?
(a) তিস্তা (b) গোদাবরী (c) বিতস্তা (d) ব্রাহ্মণী
27. প্রাণীর দাঁত এবং হাড়ের মুখ্য উপাদান কোনটি?
(a) ক্যালশিয়াম ক্লোরাইড (b) ক্যালশিয়াম ফসফেট (c) ক্যালশিয়াম সালফেট (d) কোনওটিই নয়
28. কোন রাজ্যের নৃত্য 'কথাকলি'?
(a) তামিলনাড়ু (b) ওড়িশা (c) কেরালা (d) মহারাষ্ট্র
29. অ্যাভোগাড্রোর সংখ্যাটি হল:
(a) $5.02 \times 10^{23}$ (b) $6.01 \times 10^{22}$ (c) $6.02 \times 10^{23}$ (d) $6.01 \times 10^{23}$
30. নীচের মধ্যে কোনটি ভুল?
(a) যোজ্যতা ভগ্নাংশ হয় না (b) হিলিয়াম হল যোজ্যতা-শূন্য মৌল (c) সালফারের যোজ্যতা-6 (d) ক্রোমিয়ামের যোজ্যতা-5
31. নিম্নের মধ্যে কোনটি ক্ষারকীয় লবণ?
(a) $Ca(HCO_3)$ (b) $CaCl_2$ (c) $Pb(OH)NO_3$ (d) $KSHO_4$
32. মিথাইল অরেঞ্জ ক্ষার দ্রবণের সংস্পর্শে কোন বর্ণ ধারণ করে?
(a) লাল (b) বেগুনি (c) গোলাপি (d) হলুদ
33. জলসমের একক:
(a) গ্রাম (b) ডাইন (c) ক্যালোরি (d) ডিগ্রি সেন্টিগ্রেড
34. কিছু সংখ্যক লোক একটি কাজ 60 দিনে করে। 2 জন লোক কাজে যোগ না দিলে কাজটি শেষ হতে আরও 20 দিন বেশি লাগে। তাহলে প্রথমে লোকসংখ্যা কত ছিল?
(a) 12 (b) 10 (c) 9 (d) 8
35. রাম একটি কাজ একা 10 দিনে এবং শ্যাম একা 15 দিনে করতে পারে। তাহলে রাম এবং শ্যাম একসঙ্গে কাজটি কতদিনে করবে?
(a) 10 দিন (b) 8 দিন (c) 7 দিন (d) 6 দিন
36. একটি চৌবাচ্চা A নল দিয়ে 10 মিনিটে পূর্ণ হয় এবং অপর নল দিয়ে 20 মিনিটে খালি হয়। যদি ওই দুটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় তাহলে চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগবে:
(a) 30 মিনিট (b) 40 মিনিট (c) 20 মিনিট (d) 10 মিনিট
37. রাম, রহিম এবং শ্যাম একটি যৌথ ব্যবসায় 36,000 টাকা বিনিয়োগ করে। বছর শেষে রাম 4,000 টাকা, রহিম 5,000 টাকা এবং শ্যাম 6,000 টাকা পায়। তবে রহিম কত টাকা বিনিয়োগ করেছিল?
(a) 12,200 টাকা (b) 12,000 টাকা (c) 15,000 টাকা (d) 16,000 টাকা
38. একটি চোর একটি সাইকেল চুরি করে ঘণ্টায় 12 কিলোমিটার গতিবেগে পালাতে শুরু করে। এই ঘটনার 1 ঘণ্টা পরে পুলিশ 22 কিলোমিটার গতিবেগে তার পিছনে ধাওয়া করে। তবে পুলিশ চোরটিকে কতক্ষণ পর ধরতে পারবে?
(a) 2 ঘণ্টা (b) $2\frac{1}{2}$ ঘণ্টা (c) $1\frac{1}{5}$ ঘণ্টা (d) 3 ঘণ্টা
39. মিন্টু ঘণ্টায় 4 কিলোমিটার গতিতে অফিসে গেলে অফিস পৌঁছতে 30 মিনিট দেরি হয় এবং 6 কিলোমিটার গতিতে গেলে 10 মিনিট আগে পৌঁছায়। অফিসের দূরত্ব কত?
(a) 60 কিমি (b) 8 কিমি (c) 10 কিমি (d) 20 কিমি
40. দুটি ট্রেন একই দিকে যথাক্রমে 40 কিমি/ঘণ্টা এবং 22 কিমি/ঘণ্টা গতিতে যায়। যদি প্রথম ট্রেনটি দ্বিতীয় ট্রেনের একজন যাত্রীকে 12 সেকেন্ডে অতিক্রম করে তাহলে প্রথম ট্রেনের দৈর্ঘ্য কত?
(a) 50 মিটার (b) 60 মিটার (c) 70 মিটার (d) 75 মিটার
41. 12 টাকা লিটার দরে 15 লিটার দুধে কত লিটার জল মেশালে 9 টাকা লিটার দরে বিক্রি করা যাবে?
(a) 4 লিটার (b) 3 লিটার (c) 7 লিটার (d) 5 লিটার
42. নীচের মধ্যে কোনটি পূর্ণবর্গ নয়:
(a) 2563 (b) 2025 (c) 9801 (d) 207936
43. দুটি সংখ্যার অনুপাত 4:5 এবং তাদের ল.সা.গু 220 হলে, সংখ্যাদুটির সমষ্টি:
(a) 210 (b) 85 (c) 75 (d) 99
44. একটি অফিসের সদস্য সংখ্যা 40, ছেলে এবং মেয়ে সদস্যের অনুপাত 3 : 1 কতজন মেয়ে সদস্য বাড়লে ছেলে এবং মেয়ের অনুপাত 3 : 2 হবে?
(a) 10 (b) 15 (c) 12 (d) 20
45. 15 টি বস্তুর ক্রয়মূল্য 12টি বস্তুর বিক্রয়মূল্যের সমান হলে লাভের শতকরা হার:
(a) 25% (b) 20% (c) 30% (d) 40%
46. রামের আয় শ্যামের থেকে 30% বেশি, শ্যামের আয় রামের থেকে শতকরা কত কম?
(a) 24.07% (b) 23.07% (c) 21.23% (d) 25.07%
47. 30-এর শতকরা কত ভাগ 27?
(a) 50% (b) 80% (c) 75% (d) 90%
48. 3টি গাড়ির গতিবেগের অনুপাত হল 2:3:4 ওই 3টি গাড়ি একই দূরত্ব অতিক্রম করতে যে সময় নেবে তার অনুপাত হল:
(a) 6 : 4 : 3 (b) 5 : 6 : 4 (c) 3 : 6 : 9 (d) 2 : 3 : 4
49. 320-এর 60%-এর দুই-পঞ্চমাংশ কত?
(a) 72.8 (b) 73.5 (c) 76.8 (d) 75.5
50. রাম 540 টাকায় একটি ফোন বিক্রি করে 10% ক্ষতির সম্মুখীন হল। কত টাকায় বিক্রি করলে তার 10% লাভ হত?
(a) 760 (b) 860 (c) 660 (d) 600
51. একটি সংখ্যার 48% অন্য আর একটি সংখ্যার 60%-এর সমান। প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত কত?
(a) 3:4 (b) 4:5 (c) 6:4 (d) 5:4
52. একটি নৌকা স্রোতের অনুকূলে 35 কিমি/ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে 17 কিমি/ঘণ্টা বেগে চলতে পারে। স্রোতের গতিবেগ বের করুন।
(a) 5 কিমি/ঘণ্টা (b) 6 কিমি/ঘণ্টা (c) 8 কিমি/ঘণ্টা (d) 9 কিমি/ঘণ্টা
53. $879 \times 439 + 897 \times 321 = ?$
(a) 668040 (b) 678142 (c) 658143 (d) 668043
54. শুষ্ক কৃষি সম্ভব হয় যদি:
(a) Ground water ব্যবহার করা যায় (b) Quick maturing এবং Resistant শস্য চাষ করা যায় (c) টেকনোলজি উন্নত হয় (d) উপরের সবক'টি
55. কবে এবং কোথায় গদর পার্টি প্রতিষ্ঠিত হয়?
(a) ইংল্যান্ড, 1917 (b) স্কটল্যান্ড, 1925 (c) আমেরিকা, 1913 (d) ডেনমার্ক, 1921
56. কোন সংস্থা সম্প্রতি ম্যালেরিয়া এলিমিনেশন রিসার্চ অ্যালায়েন্স চালু করেছে?
(a) NABARD (b) World Health Organisation (c) Indian Council of Medical Research (d) কোনওটিই নয়
57. সাহস ও নেতৃত্বের জন্য 2019 McCain Institute Award for Courage and Leadership কাকে দেওয়া হয়েছে?
(a) প্রিয়াঙ্কা চোপড়া (b) সলমান খান (c) রাহুল গান্ধী (d) ছায়া শর্মা
58. বম্বে স্টক এক্সচেঞ্জ-এর প্রথম স্বাধীন মহিলা পরিচালকের নাম কী?
(a) জয়শ্রী ব্যাস (b) নির্মলা রাও (c) আলিয়া ভাট (d) কোনওটিই নয়
59. নিম্নের কোন দেশে Conference on Asian Civilizations Dialogue অনুষ্ঠিত হচ্ছে?
(a) ভারত (b) জার্মানি (c) আমেরিকা (d) চিন
60. জলবায়ু জরুরি অবস্থা সম্প্রতি কোন দেশ ঘোষণা করেছে?
(a) ভারত (b) চিন (c) রাশিয়া (d) আয়ারল্যান্ড
61. নিম্নলিখিত কোন ধর্মের জন্য জল কৌশিক নল বেয়ে উঠে যায়?
(a) পৃষ্ঠটান (b) জলের ঘনত্ব (c) সান্দ্রতা (d) কোনওটিই নয়

এরপর এগারোর পাতায়

### পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১ সেপ্টেম্বর

1. 'মিড ডে মিল'-এর আরেকটি নাম হল:
(a) ডেলি লাঞ্চ প্রোগ্রাম (b) স্কুল লাঞ্চ প্রোগ্রাম (c) মিড ডে ফুড প্রোগ্রাম (d) মিড ডে নিউট্রিশন প্রোগ্রাম
2. নীচের কোনটি ভিটামিন-বি কমপ্লেক্সের মধ্যে নয়:
(a) $B_4$ (b) $B_6$ (c) $B_2$ (d) $B_{12}$
3. বিড়াল থেকে নীচের কোন রোগটি হতে পারে?
(a) কালাজ্বর (b) প্লেগ (c) জলাতঙ্ক (d) ডিপথেরিয়া
4. মহাশূন্য ও নক্ষত্রের ভয়কে বলা হয়:
(a) শিমাইফোবিয়া (b) অ্যারোফোবিয়া (c) সাইনোফোবিয়া (d) অ্যাস্ট্রোফোবিয়া
5. 'গ্রিন স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম' কোন মন্ত্রকের অন্তর্গত?
(a) স্বাস্থ্য (b) বিদেশ (c) পরিবেশ (d) মানবসম্পদ
6. 'পরিবার পরিকল্পনার (Family Planning) প্রাকৃতিক পদ্ধতি (Method) হল:
(a) ক্যালেন্ডার (b) ওরাল পিলস (c) কন্ডোমস (d) কোনওটিই নয়
7. সূর্যমুখী তেলে কোন ভিটামিন বেশি থাকে?
(a) ভিটামিন-ই (b) ভিটামিন-ডি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-কে
8. স্ট্রেপটোমাইসিন আবিষ্কার করেন:
(a) সেলসন ওয়াকম্যান (b) লুই পাস্তুর (c) আলেকজান্ডার ফ্লেমিং (d) উইলিয়াম হার্ভে
9. 'সিকেল সেল অ্যানিমিয়া' হল একটি:
(a) বংশগত রোগ (b) মানসিক রোগ (c) ঘাটতিজনিত রোগ (d) ভাইরাসঘটিত রোগ
10. কোনও শিশুকে 9 মাসে ভিটামিন-এ অয়েলের প্রথম ডোজ দেওয়ার কতমাস পর দ্বিতীয় ডোজটি দেওয়া উচিত?
(a) 3 মাস পরে (b) 12 মাস পরে (c) 9 মাস পরে (d) 6 মাস পরে
11. ভারতের সংবিধানের অভিভাবক:
(a) হাইকোর্ট (b) সুপ্রিম কোর্ট (c) প্রধানমন্ত্রী (d) রাষ্ট্রপতি
12. PEM-এর পুরো কথা কী?
(a) Protein Energy Malnutrition (b) Protein and Emergency Malnutrition (c) Primary Education for Malnutrition (d) Prevention for Energy and Malnutrition
13. নতুনভাবে 'জুভেনাইল জাস্টিস অ্যাক্ট' কবে চালু হয়?
(a) 2 October, 1987 (b) 26 January, 1988 (c) 14 November, 1986 (d) 31 March, 1999
14. 'সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকার'– সংবিধানের কত ধারায় বর্ণিত আছে?
(a) 321 নম্বর ধারায় (b) 326 নম্বর ধারায় (c) 325 নম্বর ধারায় (d) 315 নম্বর ধারায়
15. 'স্বপনবুড়ো' কার ছদ্মনাম?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) সমরেশ বসু (c) বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র (d) অখিল নিয়োগী
16. কোন দেশকে চিনির পাত্র বলা হয়?
(a) ব্রাজিল (b) চিলি (c) কিউবা (d) তুরস্ক
17. 'ন্যাশনাল প্রোগ্রাম ফর কন্ট্রোল অব ব্লাইন্ডনেস' কত সালে চালু হয়?
(a) 1976 (b) 1978 (c) 1980 (d) 1979
18. কৌটিল্যের অর্থশাস্ত্র কোন ভাষায় লেখা হয়েছিল?
(a) প্রাকৃত (b) হিন্দি (c) পালি (d) সংস্কৃত
19. 1192 সালের তরাইনের যুদ্ধে কে পরাজিত হয়েছিলেন?
(a) মহম্মদ ঘোরি (b) পৃথ্বীরাজ চৌহান (c) ইলতুৎমিস (d) কুতুবউদ্দিন আইবক
20. পক প্রণালী কোন দু'টি দেশকে ভাগ করেছে?
(a) চিন ও ভারত (b) ভারত ও শ্রীলঙ্কা (c) বাংলাদেশ ও শ্রীলঙ্কা (d) ভারত ও ভুটান
21. প্রতি 15 ডিগ্রি দ্রাঘিমাংশে সময়ের পার্থক্য কত?
(a) 30 মিনিট (b) 15 মিনিট (c) 40 মিনিট (d) 60 মিনিট
22. দিল্লির প্রথম মহিলা মুখ্যমন্ত্রী ছিলেন:
(a) শীলা দীক্ষিত (b) সুষমা স্বরাজ (c) সুচেতা কৃপলানী (d) বসুন্ধরা রাজে
23. লোহিত রক্তকণিকা কোথায় তৈরি হয়?
(a) অস্থিমজ্জায় (b) ফুসফুসে (c) প্লীহায় (d) পাকস্থলীতে
24. Varicella-zoster ভাইরাস কোন রোগ সৃষ্টি করে?
(a) ডেঙ্গু (b) চিকেন পক্স (c) ম্যালেরিয়া (d) লেপ্রসি
25. কার্বনের সবচেয়ে কঠিন রূপ কোনটি?
(a) গ্রাফাইট (b) হীরে (c) কয়লা (d) কোনওটিই নয়
26. কোবাল্ট থাকে কোন ভিটামিনে?
(a) ভিটামিন-K (b) ভিটামিন- $B_{12}$ (c) ভিটামিন-C (d) ভিটামিন-D
27. মহিলাদের প্রথম ক্রিকেট বিশ্বকাপ কত সালে অনুষ্ঠিত হয়?
(a) 1973 (b) 1975 (c) 1978 (d) 1979
28. 'অবাক জলপান' নাটকটি কার লেখা?
(a) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (b) সুকুমার রায় (c) সুনীল গঙ্গোপাধ্যায় (d) লীলা মজুমদার
29. আগে আবিষ্কারের সঠিক ক্রম অনুসারে সাজান:
1. ছাপাখানা 2. অণুবীক্ষণ যন্ত্র 3. সেফটিপিন 4. চশমা
(a) 4, 2, 1, 3 (b) 4, 1, 2, 3 (c) 2, 1, 3, 4 (d) 2, 4, 1, 3
30. ইউরি গ্যাগরিন কোন মহাকাশযানে ভ্রমণ করেছিলেন?
(a) কলম্বিয়া (b) ভস্তক (c) স্পুটনিক (d) অ্যাপোলো
31. শিয়ালদহ উড়ালপুলের নাম হল:
(a) বিদ্যাপতি সেতু (b) চণ্ডীদাস সেতু (c) সুকান্ত সেতু (d) কালিদাস সেতু
32. জননী সুরক্ষা যোজনা কত সালে শুরু হয়?
(a) 2005 (b) 2011 (c) 2009 (d) 2008

এরপর এগারোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

62. ভারতবর্ষের সর্বাধিক পতিত জমি রয়েছে:
(a) গুজরাটে (b) উত্তরপ্রদেশে (c) মধ্যপ্রদেশে (d) রাজস্থানে

63. ক্লোরোফিলে কোন ধাতু আছে?
(a) ম্যাগনেশিয়াম (b) দস্তা (c) তামা (d) অ্যালুমিনিয়াম

64. ভারতে সিভিল সার্ভিস কে শুরু করেন?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ডালহৌসি (c) লর্ড হার্ডিঞ্জ (d) কোনওটিই নয়

65. কে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট চালু করেন?
(a) লর্ড কার্জন (b) লর্ড রিপন (c) লর্ড লিটন (d) লর্ড ওয়েলেসলি

66. প্রখ্যাত কবি ও গীতিকার গুলজার-এর আসল নাম:
(a) সুর্জি সিং কোহলি (b) প্রবোধচন্দ্র ভাটিয়া (c) সম্পূরণ সিং কালরা (d) কোনওটিই নয়

67. কোষ বিভাজনের সময় DNA সংশ্লেষিত হয়:
(a) টেলোফেজ (b) অ্যানোফেজ (c) প্রফেজ (d) ইন্টারফেজ

68. সিন্ধুসভ্যতার কোনটি একটি বড় বন্দর ছিল?
(a) লোথাল (b) কালিবঙ্গান (c) মেহেরগড় (d) চানহুদরো

69. প্রাণীদের দীর্ঘতম কোষ কোনটি?
(a) পেশী কোষ (b) স্নায়ুকোষ (c) রক্তকোষ (d) যকৃতকোষ

70. বুদ্ধ ও মহাবীরের সমসাময়িক ছিলেন কোন শাসক?
(a) চন্দ্রগুপ্ত (b) বিম্বিসার (c) অশোক (d) কেউই নন।

71. দামোদর নদের উৎপত্তি কোথায়?
(a) ছোটনাগপুর মালভূমি (b) হিমালয় (c) পূর্বঘাট (d) কোনওটিই নয়

72. দক্ষিণ ভারতে সমুদ্রগুপ্তের নীতি কী ছিল?
(a) ধর্মবিজয় (b) যুদ্ধবিজয় (c) দিগ্বিজয় (d) কোনওটিই নয়

73. অনুশীলন সমিতির প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) সি আর দাশ (b) অরবিন্দ ঘোষ (c) প্রমথনাথ মিত্র (d) কেউই নন।

74. ভারতীয় সংবিধানে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার উৎসাহদান অন্তর্ভুক্ত আছে:
(a) Preamble to the Constitution-এ (b) Directive Principles of State Policy-তে (c) Fundamental Duties-এ (d) Ninth Schedule-এ

75. ভারতবর্ষে ভোটাধিকার ও নির্বাচিত হওয়ার অধিকার একটি:
(a) মৌলিক অধিকার (b) স্বাভাবিক অধিকার (c) সাংবিধানিক অধিকার (d) বৈধ বা আইনি অধিকার

76. পূর্ব কলকাতা জলাভূমিকে ঘোষণা করা হয়েছে:
(a) জৈব বৈচিত্রযুক্ত স্থান হিসেবে (b) পর্যটন ক্ষেত্র হিসেবে (c) বিশ্ব হেরিটেজ স্থান হিসেবে (d) রামসার স্থান হিসেবে

77. ভারতের উচ্চ গাঙ্গেয় সমভূমির ভূর হল একপ্রকার:
(a) বায়ুপ্রবাহ দ্বারা সঞ্চিত বালির তরঙ্গায়িত ভূমি (b) পুরাতন পলি (c) নতুন পলি (d) কর্দমাক্ত অঞ্চল

78. পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন বলবৎ হয়:
(a) 1956 সালে (b) 1958 সালে (c) 1955 সালে (d) 1959 সালে

79. ভারতের Central Inland Water Transport Corporation-এর সদর দপ্তরটি অবস্থিত:
(a) এলাহাবাদে (b) কলকাতায় (c) কোচিনে (d) মুম্বইয়ে

80. কলকাতায় মেট্রোরেল চালু হয়:
(a) 1984 সালে (b) 1986 সালে (c) 1988 সালে (d) 1989 সালে

81. ভারতের কয়লা সঞ্চয়ের প্রায় 80% অবস্থান করছে:
(a) দামোদর উপত্যকায় (b) শোন উপত্যকায় (c) মহানদী উপত্যকায় (d) গোদাবরী উপত্যকায়

82. তেলেঙ্গানা একটি পূর্ণরাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে:
(a) 1 জুন, 2013 (b) 1 জুন, 2014 (c) 1 জুন, 2015 (d) 1 জুন, 2016

83. ধনেখালি কীজন্য বিখ্যাত?
(a) তাঁত শিল্পের জন্য (b) কাগজ শিল্পের জন্য (c) পাট শিল্পের জন্য (d) চর্ম শিল্পের জন্য

84. তিস্তা নদীর পশ্চিমভাগ যে নামে পরিচিত:
(a) তরাই (b) ডুয়ার্স (c) তাল (d) দিয়ারা

85. সুন্দরবনকে নীচের যে বৈশিষ্ট্যের জন্য 'World Heritage Site' হিসেবে নথিভুক্ত করা হয়েছে:
(a) বাঘ সংরক্ষণের জন্য (b) সুন্দরী গাছের জন্য (c) ম্যানগ্রোভ বনভূমির জন্য (d) জীববৈচিত্রের জন্য

86. জলপাইগুড়ি শহর কোন নদীর তীরে অবস্থিত?
(a) তিস্তা ও করলা নদী (b) তিস্তা ও জলঢাকা নদী (c) জলঢাকা ও রায়ঢাকা নদী (d) তিস্তা ও রায়ঢাক নদী

87. রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্পটি কোথায় অবস্থিত?
(a) পুরুলিয়া (b) বাঁকুড়া (c) জলপাইগুড়ি (d) দার্জিলিং

88. নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) ভিতরকণিকা : অলিভ রিডলে কচ্ছপ (b) দলমা পাহাড় : বন্য হাতি (c) কাজিরাঙ্গা : একশৃঙ্গ গন্ডার (d) দাচিগ্রাম : এশীয় সিংহ

89. পশ্চিমবঙ্গের কোথা থেকে কোথায় প্রথম রেলপথ চালু হয়?
(a) হাওড়া থেকে হুগলি (b) হাওড়া থেকে রানিগঞ্জ (c) হাওড়া থেকে বর্ধমান (d) শিয়ালদহ থেকে নৈহাটি

90. নীচের কোন রাজ্যের মধ্য দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেনি?
(a) মিজোরাম (b) ত্রিপুরা (c) ওড়িশা (d) মধ্যপ্রদেশ

91. শোলা অরণ্য কোথায় দেখা যায়?
(a) হিমালয় পর্বতে (b) পশ্চিমঘাট পর্বতে (c) বিন্ধ্য পর্বতে (d) পূর্বঘাট পর্বতে

92. কোলেরু হ্রদ কোথায় অবস্থিত?
(a) গোদাবরী ও কাবেরীর মধ্যে (b) গোদাবরী ও কৃষ্ণার মধ্যে (c) কৃষ্ণা ও কাবেরীর মধ্যে (d) মহানদী ও কৃষ্ণার মধ্যে

93. জনসংখ্যার লভ্যাংশ বলতে কী বোঝায়?
(a) 0–5 বছর বয়সের মানুষের সংখ্যাবৃদ্ধি (b) 6–15 বছর বয়সের মানুষের সংখ্যা বৃদ্ধি (c) 16–64 বছর বয়সের মানুষের সংখ্যাবৃদ্ধি (d) 65 বছরে অধিক বয়সের মানুষের সংখ্যা বৃদ্ধি

94. স্বাধীনতা লাভের সময় পশ্চিমবঙ্গে নীচের কোন জেলাটি ছিল না?
(a) কোচবিহার (b) হাওড়া (c) দার্জিলিং (d) মুর্শিদাবাদ

95. পশ্চিমবঙ্গের শিক্ষার হার:
(a) 82.67% (b) 74.04% (c) 77.08% (d) 71.16%

96. নীচের রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গের সঙ্গে সর্বাধিক দৈর্ঘ্যের সীমান্ত আছে:
(a) ঝাড়খণ্ডের (b) বিহারের (c) ওড়িশার (d) অসমের

97. লাক্ষা দ্বীপপুঞ্জ হল:
(a) প্রবাল দ্বীপপুঞ্জ (b) আগ্নেয় দ্বীপপুঞ্জ (c) টেকটনিক দ্বীপপুঞ্জ (d) পলিগঠিত দ্বীপপুঞ্জ

98. নীচের কোন ধরনের বনভূমি ভারতে সর্বাধিক দেখা যায়?
(a) ক্রান্তীয় আর্দ্র চিরহরিৎ বনভূমি (b) ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী বনভূমি (c) পার্বত্য অঞ্চলে আর্দ্র নাতিশীতোষ্ণ বনভূমি (d) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী বনভূমি

99. মানস সরোবর অবস্থিত:
(a) কারাকোরাম পর্বতশ্রেণিতে (b) পীরপঞ্জাল পর্বতশ্রেণিতে (c) কৈলাস পর্বত শ্রেণিতে (d) মহাভারত পর্বতশ্রেণিতে

100. রামমোহন রায়কে 'রাজা' উপাধি প্রদান করেন মুঘল সম্রাট:
(a) মহম্মদ শাহ (b) দ্বিতীয় আকবর (c) বাহাদুর শাহ জাফর (d) জাহান্দার শাহ

### উত্তর

1(b), 2(b), 3(c), 4(a), 5(b), 6(c), 7(a), 8(b), 9(c), 10(b), 11(d), 12(b), 13(d), 14(c), 15(d), 16(a), 17(c), 18(d), 19(d), 20(c), 21(c), 22(b), 23(b), 24(d), 25(d), 26(d), 27(b), 28(c), 29(d), 30(d), 31(c), 32(d), 33(a), 34(d), 35(d), 36(c), 37(a), 38(c), 39(b), 40(b), 41(d), 42(a), 43(d), 44(a), 45(a), 46(b), 47(d), 48(a), 49(c), 50(c), 51(d), 52(d), 53(a), 54(d), 55(c), 56(c), 57(d), 58(a), 59(d), 60(d), 61(a), 62(d), 63(a), 64(b), 65(c), 66(c), 67(d), 68(a), 69(b), 70(b), 71(a), 72(a), 73(c), 74(b), 75(d), 76(d), 77(a), 78(a), 79(b), 80(a), 81(a), 82(b), 83(a), 84(a), 85(c), 86(a), 87(d), 88(d), 89(a), 90(c), 91(b), 92(b), 93(c), 94(a), 95(c), 96(a), 97(a), 98(b), 99(c), 100(b).

### সমাধান

34(d): প্রথমে লোকসংখ্যা $= \frac{2(60+20)}{20} = \frac{160}{20} = 8$ জন।

35(d): রাম ও শ্যাম একত্রে কাজ করবে $= \frac{10 \times 15}{10+15} = \frac{150}{25} = 6$ দিন।

36(c): নল দু'টি একসঙ্গে খুলে চৌবাচ্চাটি পরিপূর্ণ হয় $= \frac{10 \times 20}{20-10} = \frac{200}{10}$ $= 20$ মিনিটে।

37(a): লভ্যাংশের অনুপাত $= 4000 : 5000 : 6000 = 4 : 5 : 6 =$ মূলধনের অনুপাত

∴ রহিম বিনিয়োগ করেছিল $\frac{5}{(4+5+6)} \times 36000 = \frac{5}{15} \times 36000$ $= 12200$ টাকা।

38(c): পুলিশের ধরার সময় $= \left(\frac{12}{22-12} \times 1\right)$ ঘণ্টা $= 1\frac{1}{5}$ ঘণ্টা।

39(b): নির্ণেয় দূরত্ব $= \frac{4 \times 6}{6-4} \times \frac{30+10}{60} = \frac{24}{2} \times \frac{40}{60} = 8$ কিলোমিটার।

40(b): প্রথম ট্রেনের দৈর্ঘ্য $= \left\{\frac{5}{18}(40-22) \times 12\right\} = \frac{5}{18} \times 18 \times 12 = 60$ মিটার।

41(d): জলের পরিমাণ $= 15 \times \frac{12-9}{9}$ লিটার $= 15 \times \frac{3}{9}$ লিটার $= 5$ লিটার।

42(a): '3' → পূর্ণবর্গ সংখ্যার ক্ষেত্রে হয় না।

43(d): শর্তানুসারে $(4 \times 5)x = 220$

$\therefore x = \frac{220}{20} = 11$ ∴ সংখ্যাদু'টি $= 11 \times 4 = 44$ এবং $11 \times 5 = 55$

∴ সংখ্যাদু'টির সমষ্টি $= (44 + 55) = 99$.

44(a): শর্তানুসারে, $\frac{30}{10+x} = \frac{3}{2}$ [x = মেয়ের সংখ্যা বাড়ানো হল]
or, $60 = 30 + 3x$ or, $x = 10$.

45(a): শর্তানুসারে, $\frac{3}{12} \times 100 = 25$.

46(b): শ্যামের আয় রামের থেকে কম $= \frac{30 \times 100}{130}\% = \frac{300}{13}\% = 23.07\%$.

47(d): $\left(\frac{27 \times 100}{30}\right) = 90\%$.

48(a): গাড়ির অতিক্রান্ত করার সময়ের অনুপাত $= \frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4} = 6 : 4 : 3$.

49(c): শর্তানুসারে $\frac{2}{5} \times \frac{60}{100} \times 320 = 76.8$.

50(c): শর্তানুসারে, $540 \times \frac{110}{90} = 660$.

51(d): 48% of x = 60% of y [ সংখ্যাদু'টি = x, y]
$\frac{x}{y} \div \frac{60}{48} = \frac{5}{4}$ ∴ $x : y = 5 : 4$

52(d): প্রশ্নানুসারে, $\frac{1}{2}(35-17) = \frac{1}{2} \times 18 = 9$ কিমি/ঘণ্টা।

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

33. 'রুপালি' সিনেমাটি কার লেখা ছোটগল্প থেকে তৈরি হয়েছিল?
(a) গুলজার (b) মহাশ্বেতা দেবী (c) কল্পনা লাজমি (d) আশাপূর্ণা দেবী

34. নদিয়া জেলার সদর দপ্তর হল:
(a) কল্যাণী (b) কৃষ্ণনগর (c) রাণাঘাট (d) নবদ্বীপ

35. 'কিউনিফর্ম' লিপির সাহায্যে গণনার কাজ করতেন কোন সভ্যতার মানুষ?
(a) সিন্ধুসভ্যতা (b) ব্যাবিলনীয় সভ্যতা (c) মিশরীয় সভ্যতা (d) মায়া সভ্যতা

36. 'তথ্য জানার অধিকার' (Right to Information) পেতে কোন ভাষায় আবেদন করতে হয়?
(a) যে কোনও আঞ্চলিক ভাষায় (b) ইংরেজিতে (c) হিন্দিতে (d) সবক'টি ভাষায়

37. 'শ্রীধর্মমঙ্গল'-কে রচনা করেন?
(a) গোপচন্দ্র (b) ঘনরাম চক্রবর্তী (c) ঈশ্বরী ঘোষ (d) সঙ্গম রায়

38. নীচের কোন সংগীত শিল্পী দাদাসাহেব ফালকে পুরস্কার পাননি?
(a) পঙ্কজ মল্লিক (b) শচীনদেব বর্মণ (c) লতা মঙ্গেশকর (d) ভূপেন হাজারিকা

39. কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম গ্র্যাজুয়েটদের মধ্যে একজন হলেন:
(a) জগদীশচন্দ্র বোস (b) কাদম্বিনী গাঙ্গুলি (c) যদুনাথ বসু (d) আশুতোষ মুখার্জি

40. কোনটি সঠিকভাবে যুক্ত হয়েছে?
(a) রাতকানা : ভিটামিন-সি (b) রিকেট : ভিটামিন-এ (c) গয়টার : আয়োডিন (d) স্কার্ভি : ভিটামিন-ই

41. RNTCP-প্রকল্পটি কোন রোগের সঙ্গে যুক্ত?
(a) ওরাল পোলিও ভ্যাকসিন (b) ম্যালেরিয়া (c) টিউবারকিউলোসিস (d) টাইফয়েড

42. পথসাথী, শিশুসাথী, শিল্পসাথী ও সবুজ সাথী— কোন প্রকল্পটি পশ্চিমবঙ্গ সরকারের?
(a) শিশুসাথী (b) সবুজ সাথী (c) শিল্পসাথী (d) সবক'টি

43. মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকায় মোট কতগুলি তারা আছে?
(a) 24টি (b) 20টি (c) 8টি (d) 50টি

44. CAD-এর পুরো কথা হল:
(a) Computer Aided Design (b) Computer Application Design (c) Computer Algorithm Design (d) Computer Application Database

45. পশ্চিমবঙ্গের কোন জেলায় রোহিণী উৎসব অনুষ্ঠিত হয়?
(a) বাঁকুড়া (b) পুরুলিয়া (c) আলিপুরদুয়ার (d) বীরভূম

46. পাণ্ডবাণী কোন রাজ্যের নৃত্যকলা?
(a) রাজস্থান (b) অন্ধ্রপ্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) পাঞ্জাব

47. কম্পিউটারে ডেটা (Information) কোথায় সঞ্চিত হয়?
(a) ফাইলে (b) ফ্লপিডিস্কে (c) ডিরেক্টরিতে (d) প্রিন্টারে

48. RNA-এর পুরো কথা হল:
(a) রাইবোনিউরিক অ্যাসিড (b) রাইবোনিউরো অ্যাসিড (c) রাইবোনিউক্লিক অ্যাসিড (d) রাইবোঅক্সিনিউক্লিক অ্যাসিড

49. 'ক্লিনিক্যাল থার্মোমিটার' আবিষ্কার করেন?
(a) থমাস আলবার্ট (b) আলেকজান্ডার উড (c) চার্লস ব্যাবেজ (d) কলিন মার্ডক

50. রবীন্দ্রনাথকে 'বিশ্বকবি' বলে কে সর্বপ্রথম সম্মানিত করেন?
(a) মহাত্মা গান্ধী (b) ব্রহ্মবান্ধব উপাধ্যায় (c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (d) নজরুল ইসলাম

51. নীচের কোন শব্দজোড়াটি সঠিক নয়?
(a) রুপো-Si (b) তামা-Cu (c) লোহা-Fe (d) সোনা-Au

52. যদি INSPECTOR = ROTCEPSNI হয় তবে CONSTABLE-এ কী লেখা হবে?
(a) EBLATNSOC (b) ELBATNSOC (c) ELBATSNOC (d) ELBTASNOC

53. দেবাশিস পায়ে হেঁটে উত্তরদিকে 6 কিলোমিটার সোজা যাওয়ার পর ডানদিকে 4 কিলোমিটার এবং তারপর আবার ডানদিকে 6 কিলোমিটার যায়। তাহলে দেবাশিসের মুখ কোন দিকে থাকবে?
(a) দক্ষিণ (b) উত্তর (c) পশ্চিম (d) পূর্ব

54. নীচের বর্ণগুলি সঠিকভাবে সাজালে একটি ফলের নাম পাওয়া যাবে যার পঞ্চম বর্ণটি কী হবে?
RAFTKIJUC
(a) R (b) K (c) F (d) T

55. নীচের সংখ্যাসারির শেষ সংখ্যাটি কত হবে?
8, 27, 64, 125, 216, ____
(a) 332 (b) 320 (c) 330 (d) 343

56. Architecture শব্দটির মধ্যে ক'টি বর্ণ দু'বার ব্যবহার হয়েছে?
(a) 5 (b) 4 (c) 2 (d) 3

57. '?' স্থানে কোন সংখ্যাটি বসবে:

| | | | |
|---|---|---|---|
| 55 | 25 | 30 | 50 |
| 38 | 22 | 20 | 40 |
| 49 | 21 | 40 | ? |

(a) 20 (b) 70 (c) 30 (d) 60

58. নীচের সিরিজে কতগুলি 4 আছে যার ঠিক আগে A আছে?
32 A 45 A 65 A 5 A 4 A 57 A 427 A 47 A 65 A 46 A 574 A
(a) 1 বার (b) 2 বার (c) 3 বার (d) 5 বার

59. কোনটি বিসদৃশ:
A, AB, BO, B, O
(a) B (b) BO (c) AB (d) O

*এরপর বারোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে ২৯৫৪
# আই সি ডি এস সুপারভাইজর
## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

60. তিনটি ঘনকের অবস্থান দেখে বলুন 2-এর বিপরীতে কোন সংখ্যা আছে?




(a) 1 (b) 6 (c) 5 (d) 3

61. Dictionary অনুযায়ী কোন শব্দটি প্রথম আসবে?
(a) Newsroom (b) Newsman (c) Newsletter (d) Newspaper

62. যদি নির্দিষ্ট কোনও কোডে COMING = DPNKOH লেখা হয় তবে GOING -এ কী লেখা হবে?
(a) HKPOH (b) HOJOH (c) HOOKH (d) HPKOH

63. যদি SEPTEMBER = 9, OCTOBER = 7 লেখা হয়, তবে MARCH = কত লেখা হবে?
(a) 4 (b) 5 (c) 2 (d) 7

64. ললিতার মায়ের বয়স ললিতার দ্বিগুণ। ললিতার বোন রজনী ললিতার থেকে 4 বছরের ছোট। রজনীর বয়স 18 বছর। ললিতার মায়ের বয়স কত?
(a) 38 বছর (b) 36 বছর (c) 30 বছর (d) 44 বছর

65. কোন অক্ষরটি নীচের অক্ষরগুলির মাঝে বসালে নতুন অর্থপূর্ণ শব্দ তৈরি হবে?
NT, LT, GD, PE
(a) A (b) E (c) I (d) O

66. নীচের কোন বিকল্পটির একে অপরের সঙ্গে মিল নেই?
(a) GHJ/34/PAL/2019 : GHJ/34/PAL/2019 (b) JHO/33/BPL/2019 : JHO/33/BPL/2019 (c) KIP/35/APL/2019 : KIP/35/PAL/2019 (d) HIS/36/LAP/2019 : HIS/36/LAP/2019

67. নীচের ডায়াগ্রামটিতে △ বড় ত্রিভুজ—হকি, ▭ আয়তক্ষেত্র—ফুটবল, △ ছোট ত্রিভুজ—টেনিস, ◯ বৃত্ত—ক্রিকেট খেলোয়াড়দের নির্দেশ করছে। নীচের কোন সংখ্যাগুলি শুধু হকি খেলোয়াড়কে বোঝাচ্ছে কিন্তু ফুটবল, টেনিস এবং ক্রিকেট খেলোয়াড় নয়?




(a) 5 এবং 8 (b) 4 এবং 2 (c) 1 এবং 3 (d) 1 এবং 5

68. নীচের কোন বিকল্পটির বর্ণগুলির সংখ্যা সাজিয়ে একটি অর্থপূর্ণ শব্দ তৈরি করা যাবে?

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| P | A | T | O | I | L | S | H |
| 5 | 8 | 7 | 3 | 6 | 9 | 4 | 2 |

(a) 92653784 (b) 45263798 (c) 23456789 (d) 42563789

69. নীচের ছবিতে সংখ্যা লেখা কাগজটি দাগে দাগে ভাঁজ করে একটি ঘনক তৈরি করা হলে 1-এর বিপরীতে কোন সংখ্যাটি হবে?




(a) 3 (b) 2 (c) 5 (d) 4

70. R হল Q-এর বোন। S হল R-এর বোন। P হল Q-এর ভাই। Q-এর সঙ্গে S -এর সম্পর্ক কী?
(a) মেয়ে (b) ভাই (c) বোন (d) ভাই অথবা বোন

71. নীচের ছবিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 28 (b) 45 (c) 35 (d) 42

72. '*' ঘরে কোন সংখ্যাটি বসবে?




(a) 304 (b) 512 (c) 220 (d) 208

73. PUBLISHING শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?
(a) SHINING (b) BLESSING (c) PUNISHING (d) SIBLING

74. একটি কলেজের সঙ্গে যেমন অধ্যক্ষের সম্পর্ক তেমন প্রধানশিক্ষকের সঙ্গে নীচে কীসের সম্পর্ক হবে?
(a) শিক্ষাপর্ষদ (b) শিক্ষক-শিক্ষিকা (c) ছাত্রছাত্রী (d) বিদ্যালয়

75. সঠিক বিকল্পটি বাছুন:
দ্রোণাচার্য : খেলা : : কলিঙ্গ : ?
(a) সংবাদপত্র (b) প্রতিরক্ষা (c) স্বাস্থ্য (d) বিজ্ঞান

76. দ্বিতীয় শ্রেণির অঙ্ক পরীক্ষায় 60 জন ছাত্রীর গড় নম্বর 43; উত্তীর্ণ ছাত্রছাত্রীদের নম্বরের গড় 52 এবং অকৃতকার্য ছাত্রীদের গড় নম্বর 16 হলে, পরীক্ষায় অকৃতকার্য ছাত্রীর সংখ্যা:
(a) 25 (b) 20 (c) 15 (d) 18

77. একটি শাড়ির দোকানে সম্ভাব্য ক্রেতাদের মধ্যে 40% শাড়ি ক্রয় করেন। শাড়ির ক্রেতাদের মধ্যে 15% সিল্কের শাড়ি ক্রয় করেন। সম্ভাব্য ক্রেতাদের মধ্যে সিল্কের শাড়ি ক্রেতার শতকরা হার:
(a) 4% (b) 6% (c) 8% (d) 10%

78. একজন দোকানদার টেলিভিশন সেটের ক্রয়মূল্যের ওপর অতিরিক্ত 50% যোগ করে মূল্য চিহ্নিত করেন এবং ক্রেতাকে চিহ্নিত মূল্যের ওপর 25% ছাড় দিয়ে সেট বিক্রয় করেন। এই বিক্রয়ে তাঁর প্রকৃত লাভের শতকরা হার:
(a) 25% (b) 15% (c) 12.5% (d) 12%

79. একজন ফেরিওয়ালা দু'প্রকারের সম সংখ্যক লেবু কিনলেন। প্রথম প্রকারের প্রতি ডজন ₹ 10 এবং দ্বিতীয় প্রকারের প্রতি ডজন ₹ 8-এ কিনে সব লেবু ₹ 11 প্রতি ডজন দামে বিক্রি করলেন। এতে তাঁর মোট ₹120 লাভ হলে, মোট ক্রয়করা লেবুর ডজনের সংখ্যা:
(a) 30 (b) 40 (c) 50 (d) 60

80. ₹ 6400 তিনজন কর্মীর মধ্যে এমনভাবে ভাগ করা হল যে দ্বিতীয় জন ₹ 2 পেলে প্রথম জন ₹ $\frac{3}{5}$ এবং তৃতীয় জন $1\frac{2}{3}$ টাকা পান। দ্বিতীয় কর্মীর প্রাপ্য:
(a) ₹ 2560 (b) ₹ 3000 (c) ₹ 3200 (d) ₹ 3840

81. একটি জলাধার দ'টি নল দ্বারা পৃথকভাবে 14 ঘণ্টায় ও 16 ঘণ্টায় পূর্ণ হয়। দু'টি নলকে একসঙ্গে খুলে দেওয়ার পর নীচে একটি ছিদ্রের জন্য জলাধার পূর্ণ হতে অতিরিক্ত 32 মিনিট সময় লাগল। পূর্ণ জলাধর ছিদ্র দ্বারা কত ঘণ্টায় সম্পূর্ণ খালি হবে?
(a) 112 (b) 108 (c) 104 (d) 100

82. একটি কাজ 8 জন পুরুষ 20 দিনে এবং 8 জন মহিলা 32 দিনে শেষ করতে পারেন। 5 জন পুরুষ এবং 8 জন মহিলার ওই কাজটি শেষ করতে কতদিন লাগবে?
(a) 12 (b) 14 (c) 16 (d) 18

83. তিন ব্যক্তি A, B, C এর হাঁটার বেগের অনুপাত = 4 : 3 : 5; একই দুরত্ব অতিক্রম করতে তাঁদের হাঁটার সময়ের অনুপাত হবে:
(a) 4 : 3 : 5 (b) 5 : 3 : 4 (c) 15 : 9 : 20 (d) 15 : 20 : 12

84. মোট অতিক্রান্ত দূরত্বের এক-তৃতীয়াংশ 20 কিমি/ঘণ্টা বেগে, এক-চতুর্থাংশ 30 কিমি/ঘণ্টা বেগে এবং বাকি অংশ 50 কিমি/ঘণ্টা বেগে অতিক্রম করলে মোট ভ্রমণে গড় বেগ কিমি/ঘণ্টা এককে:
(a) 25 (b) 28 (c) 30 (d) 32

85. একট বানর 60 মিটার উঁচু একটি খাড়া খুঁটির তলদেশ থেকে শীর্ষে আরোহণের চেষ্টা করছে। সে পর্যায়ক্রমে প্রতি মিনিটে 6 মিটার এবং পরবর্তী মিনিটে 3 মিটার নামে। শীর্ষে আরোহণের জন্য প্রয়োজনীয় সময় (মিনিটে):
(a) 40 (b) 37 (c) 34 (d) 31

86. পুজোর মেলায় রীণা ও রেহেণা যথাক্রমে ₹ 1500 ও ₹ 2500 বিনিয়োগ করে একটি শাড়ির দোকান আরম্ভ করলেন এই শর্তে যে লাভের অর্ধেক দু'জনের মধ্যে সমানভাবে এবং বাকি অর্ধেক মূলধনের অনুপাতে ভাগ হবে। ব্যবসায় মোট লাভ ₹ 800 হলে রীণা ও রেহেনার প্রাপ্ত লভাংশ যথাক্রমে:
(a) ₹ 350, ₹ 450 (b) ₹ 360, ₹ 440 (c) ₹ 370, ₹ 430 (d) ₹ 375, ₹ 425

87. শিশু শিক্ষা কেন্দ্রের মিড ডে মিলের জন্য সপ্তাহে 126টি ডিমের দরকার। এপ্রিল, মে ও জুন মাসের জন্য মোট কতগুলি ডিমের দরকার হবে?
(a) 1620 (b) 1638 (c) 1656 (d) 1674

88. মানচিত্রে 6.6 কিমি প্রকৃত দূরত্বকে 0.6 সেমি স্কেলে প্রকাশ করা হয়েছে। মানচিত্রে দু'টি বিন্দুর দূরত্ব 80.5 সেমি হলে বিন্দু দু'টির মধ্যে প্রকৃত দূরত্ব হবে (কিমি এককে):
(a) 685.5 (b) 785.5 (c) 885.5 (d) 985.5

89. দু'টি ইলেকট্রনিক যন্ত্র যথাক্রমে 60 সেকেন্ড এবং 62 সেকেন্ড অন্তর 'beep' শব্দ করে। তারা সকাল 10 টার সময় একত্রে 'beep' শব্দ করলে সবচেয়ে আগে আবার কখন একসঙ্গে 'beep' শব্দ করবে?
(a) 10 : 30 AM (b) 10 : 31 AM (c) 10 : 59 AM (d) 11. 00 AM

90. একটি দোলক 3 সেকেন্ডে 5 বার এবং অপর একটি দোলক 4 সেকেন্ডে 7 বার ধাক্কা খায়। দু'টি দোলক একসঙ্গে ধাক্কা খাওয়ার কত সময় পরে তারা প্রথমবার আবার একসঙ্গে ধাক্কা খাবে?
(a) 12 সেকেন্ড (b) 10 সেকেন্ড (c) 14 সেকেন্ড (d) 8 সেকেন্ড

91. 7 মিটার, 3 মিটার 85 সেমি ও 12 মিটার 95 সেমি দৈর্ঘ্যের তিনটি কাপড়কে সঠিকভাবে মাপতে বৃহত্তম দৈর্ঘ্যের স্কেলের মাপ:
(a) 15 সেমি (b) 25 সেমি (c) 35 সেমি (d) 42 সেমি

92. 12, 15 এবং 18 দ্বারা বিভাজ্য পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা:
(a) 10010 (b) 10015 (c) 10020 (d) 10080

93. একটি গ্রামের জনসংখ্যা 8000; যদি পুরুষ ও মহিলাদের বাৎসরিক শতকরা বৃদ্ধি যথাক্রমে 6% এবং 10% হয় তবে বৎসরান্তে মোট জনসংখ্যা 8600 হবে। বর্তমানে গ্রামে মহিলার সংখ্যা:
(a) 3500 (b) 3200 (c) 3000 (d) 2800

94. 10 বছর পূর্বে A-র বয়স B-র অর্ধেক ছিল। তাদের বর্তমান বয়সের অনুপাত 3 : 4 হলে A-র বর্তমান বয়স (বছরে):
(a) 12 (b) 15 (c) 16 (d) 20

95. রীতাদেবী ও তাঁর মেয়ের বয়সের অনুপাত 17 : 7; ছয় বছর পূর্বে এই অনুপাত 3 : 1 ছিল, রীতাদেবীর বর্তমান বয়স (বছরে):
(a) 45 (b) 68 (c) 51 (d) 34

96. 12% সরল সুদে 5 বছরের জন্য বিনিয়োগের সরলসুদ ₹15,360। ওই হারে অতিরিক্ত ₹ 10,000 2 বছরে বিনিয়োগের পর মোট সরল সুদ হবে:
(a) ₹ 8544 (b) ₹ 8444 (c) ₹ 8344 (d) ₹ 8244

97. বিদ্যালয় সংলগ্ন একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 110m ও 65 m মাঠের ভিতরে ধারবরাবর 2.5 m চওড়া রাস্তা আছে। প্রতি বর্গমিটার 80 p হারে রাস্তার ঘাস পরিষ্কারের খরচ:
(a) ₹ 620 (b) ₹ 640 (c) ₹ 660 (d) ₹ 680

98. দু'টি ত্রিভুজের উন্নতির অনুপাত 3 : 4 এবং ক্ষেত্রফলের অনুপাত 4 : 3 হলে তাদের ভূমির অনুপাত হবে:
(a) 16 : 9 (b) 15 : 8 (c) 12 : 5 (d) 9 : 4

99. একটি 160 m দৈর্ঘ্যের ট্রেন একটি 160 m লম্বা রেল সেতুকে 16 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। কিমি/ঘণ্টা এককে ট্রেনের গতিবেগ:
(a) 64 (b) 68 (c) 72 (d) 80

100. 20 জন রাজমিস্ত্রি 6 দিনে 56 মিটার দেওয়াল গাঁথতে পারেন। ওই হারে কাজ করে 35 জন রাজমিস্ত্রি 3 দিনে কত মিটার দৈর্ঘ্যের অনুরূপ দেওয়াল গাঁথতে পারবেন?
(a) 45 (b) 49 (c) 51 (d) 54

### উত্তর

1(b), 2(a), 3(d), 4(d), 5(c), 6(a), 7(a), 8(a), 9(a), 10(d), 11(b), 12(a), 13(a), 14(b), 15(d), 16(c), 17(a), 18(d), 19(b), 20(b), 21(d), 22(b), 23(a), 24(b), 25(b), 26(b), 27(a), 28(b), 29(b), 30(b), 31(a), 32(a), 33(b), 34(b), 35(b), 36(d), 37(b), 38(b), 39(c), 40(c), 41(c), 42(d), 43(d), 44(a), 45(b), 46(c), 47(a), 48(c), 49(a), 50(b), 51(a), 52(c), 53(a), 54(c), 55(d), 56(d), 57(c), 58(d), 59(b), 60(c), 61(c), 62(d), 63(b), 64(d), 65(d), 66(c), 67(c), 68(c), 69(d), 70(d), 71(d), 72(d), 73(b), 74(d), 75(d), 76(c), 77(b), 78(c), 79(d), 80(b), 81(a), 82(c), 83(d), 84(c), 85(b), 86(a), 87(b), 88(c), 89(b), 90(a), 91(c), 92(d), 93(c), 94(b), 95(c), 96(a), 97(d), 98(a), 99(c), 100(b).

### সমাধান

51(a): রুপোর সংকেত হল Ag/Si হল সিলিকনের সংকেত।

52(c): ELBATSNOC শব্দটিকে রিভার্স বা উল্টোদিকে কোড করে লেখা হয়েছে।

53(a):




দেবাশিসের মুখ ডানদিকে থাকবে।

54(c): JACK **F** RUIT.

55(d): $2^3, 3^3, 4^3, 5^3, 6^3$ Similarly $7^3 = 343$.

56(d): r, h, t.

57(c): 55 + 25 − 30 = 50, 38 + 22 − 20 = 40
Similarly, 49 + 21 − 40 = 30.

58(d): 32 **A** 45 A 65 A 5 **A** 4 A 57 **A** 427 **A** 47 A 65 **A** 46 A 574 A
5 বার।

59(b): A, AB, B, O প্রতিটি Blood Group, BO কোনও Blood Group নয়।

60(c): তিনটি ঘনকের অবস্থান দেখে বোঝা যাচ্ছে যে 2-এর বিপরীতে 5 আছে।

62(d): C O M I N G Similarly G O I N G
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
D P N K O H H P K O H

63(b): SEPTEMBER = 9টি অক্ষর, OCTOBER = 7টি অক্ষর
অতএব, MARCH = 5টি অক্ষর।

64(d): ললিতার বয়স 18 + 4 = 22 বছর।
ললিতার মায়ের বয়স 22 × 2 = 44 বছর।

65(d): NOT, LOT, GOD, POE

66(c): **KIP/35/APL/2019 : KIP/35/PAL/2019**

67(c) 1 এবং 3.

68(c): 2 3 4 5 6 7 8 9
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
H O S P I T A L

69(d): 1-এর তৃতীয় সংখ্যাটি হল 4
অতএব, বিপরীতে আসবে 4।

70(d):




72(d): প্রতিটি সংখ্যার সঙ্গে 4 গুণ $\frac{1}{4}$ অংশ বিপরীত দিকে বসেছে।
42 × 4 = 168, 36 × 4 = 144 অতএব, 52 × 4 = 208.

73(b): BLESSING, মূল শব্দে E বর্ণটি নেই।

74(d): অধ্যক্ষ কলেজের প্রধান আর প্রধান শিক্ষক বিদ্যালয়ের প্রধান।

75(d): দ্রোণাচার্য পুরস্কার খেলার সঙ্গে আর কলিঙ্গ পুরস্কার বিজ্ঞানের সঙ্গে যুক্ত।

76(c):




উত্তীর্ণ ছাত্রীর সংখ্যা : অকৃতকার্য ছাত্রীর সংখ্যা = 27 : 9 = 3 : 1
অকৃতকার্য ছাত্রীর সংখ্যা $= \frac{1}{3+1} \times 60 = 15$.

77(b): সম্ভাব্য ক্রেতার সংখ্যা = 100
শাড়ির ক্রেতার সংখ্যা = 40, সিল্কের শাড়ির ক্রেতার সংখ্যা $= 40 \times \frac{15}{100} = 6$
100 জন সম্ভাব্য ক্রেতার 6 জন সিল্কের শাড়ির ক্রেতা অর্থাৎ 6%.

78(c): ক্রয়মূল্য = ₹ 100, চিহ্নিত মূল্য = ₹ 150
25% ছাড়ে বিক্রয়মূল্য $= ₹\left(150 \times \frac{100-25}{100}\right) = ₹\left(\frac{150 \times 75}{100}\right) = ₹\frac{225}{2}$
লাভ $= ₹\left(\frac{225}{2} - 100\right) = ₹\frac{25}{2} = ₹\ 12.5$, লাভের শতকরা হার = 12.5%.

এরপর সমাধান আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট ইন্ডিয়ায় ১৭৬

বিভিন্ন শাখায় ১৭৬ জন কর্মী নিয়োগ করবে প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট ইন্ডিয়া। নিয়োগ করা হবে ম্যানেজমেন্ট ট্রেনি (বিজ্ঞপ্তি নম্বর: HR/71/19/01) এবং ইঞ্জিনিয়ার গ্রেড থ্রি/এক্সিকিউটিভ গ্রেড থ্রি ও জুনিয়র কনস্ট্রাকশন সুপারভাইজর/জুনিয়র ড্রাফটিং স্টাফ (বিজ্ঞপ্তি নম্বর: HR/71/19/02) পদে। ইঞ্জিনিয়ার গ্রেড থ্রি/এক্সিকিউটিভ গ্রেড থ্রি ও জুনিয়র কনস্ট্রাকশন সুপারভাইজর/জুনিয়র ড্রাফটিং স্টাফ নিয়োগ করা হবে ৩ বছরের চুক্তিতে। ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে গেট-২০১৯ পরীক্ষা পাশ করে থাকা বাধ্যতামূলক।

**শাখা অনুসারে শূন্যপদ: ম্যানেজমেন্ট ট্রেনি:** পোস্ট কোড এমটিসিএইচ: প্রোসেস (কেমিক্যাল): ৯টি। পোস্ট কোড এমটিএমই: মেকানিক্যাল: ১২টি। পোস্ট কোড এমটিসিভি: সিভিল: ১২টি। পোস্ট কোড এমটিইএল: ইলেক্ট্রিক্যাল: ৮টি। পোস্ট কোড এমটিআইএনএসটি: ইনস্ট্রুমেন্টেশন: ৫টি। পোস্ট কোড এমটিসিওএমপি: কম্পিউটার: ৪টি। পোস্ট কোড এমটিএমএস: ম্যানেজমেন্ট সার্ভিসেস: ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। সিভিলের ক্ষেত্রে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটারের ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন এবং ম্যানেজমেন্ট সার্ভিসেসের ক্ষেত্রে প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট, ম্যানুফ্যাকচারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট শাখায় ডিগ্রি থাকলেও গ্রাহ্য হবে।

সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে পাশ করে থাকতে হবে। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ই সি (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং) এবং ম্যানেজমেন্ট সার্ভিসেসের ক্ষেত্রে পি আই (প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**জুনিয়র কনস্ট্রাকশন সুপারভাইজর/জুনিয়র ড্রাফটিং স্টাফ:** সিভিল (ডিজাইন): ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ড্রাফটসম্যানশিপে আই টি আই। ইলেক্ট্রিক্যাল (ইনস্পেকশন): ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। মেকানিক্যাল (পাইপিং): ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ড্রাফটসম্যানশিপে আই টি আই। সেফটি: ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা-সহ ইন্ডাস্ট্রিয়াল সেফটি বিষয়ে ডিপ্লোমা।

**ইঞ্জিনিয়ার গ্রেড থ্রি/এক্সিকিউটিভ গ্রেড থ্রি:** সিভিল (কনস্ট্রাকশন): ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল বা স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইলেক্ট্রিক্যাল (কনস্ট্রাকশন): ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইলেক্ট্রিক্যাল (ডিজাইন): ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ফিনান্স: ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা আই সি ডব্লু এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। ইলেক্ট্রিক্যাল (ইনস্পেকশন): ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। মেকানিক্যাল (ইনস্পেকশন): ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল বা মেটালার্জি বা প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। এ এস এন টি লেভেল-টু সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। ইনস্ট্রুমেন্টেশন (ডিজাইন): ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ম্যানেজমেন্ট সার্ভিসেস: ৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল বা প্রোডাকশন বা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। মেকানিক্যাল (কনস্ট্রাকশন): ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। মেকানিক্যাল (মেশিনারি): ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। মেকানিক্যাল (পাইপিং): ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। পি অ্যান্ড এ: ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার লেবার রিলেশনসে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স অন্যতম বিষয় হিসেবে নিয়ে এম বি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। প্রোসেস: ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ডিগ্রি। সেফটি: ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি-সহ ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ডিপ্লোমা।

ইঞ্জিনিয়ার গ্রেড-থ্রি/এক্সিকিউটিভ গ্রেড-থ্রি পদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) পেয়ে থাকতে হবে।

**বয়স:** ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে ৩০-৬-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ৪০,৯০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম: ১৬,৪০০-৪০,৫০০ টাকা। জুনিয়র কনস্ট্রাকশন সুপারভাইজর/জুনিয়র ড্রাফটিং স্টাফ পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৬,৬০০ টাকা। ইঞ্জিনিয়ার গ্রেড থ্রি/এক্সিকিউটিভ গ্রেড থ্রি পদের ক্ষেত্রে ৪২,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pdilin.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সরস্বতী প্রেসে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

কিছু তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সরস্বতী প্রেস। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

**আবেদনের যোগ্যতা:** প্রিন্টিং টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক অথবা ডিপ্লোমা।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে প্রতি মাসে ৪,৯৮৪ টাকা এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে প্রতি মাসে ৩,৫৪২ টাকা।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ একটি সাদা কাগজে আবেদন করবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Assistant Manager, Personnel, Saraswaty Press Ltd, 11, B.T. Road, Belgharia, Kolkata-700 056. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১ অগস্ট।

আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.saraswatypress.com

## আয়কর দপ্তরে দক্ষ খেলোয়াড়

মাল্টি টাস্কিং স্টাফ ও ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদে ২০ জন দক্ষ খেলোয়াড় নেবে কেন্দ্রের ইনকাম ট্যাক্স বিভাগ। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ ও সিকিম রিজিয়নে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.incometaxindia.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৯ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে ১৬৪

*প্রথম পাতার পর*

পেট্রোলিয়াম রিফাইনারির পেট্রোকেমিক্যাল প্লান্ট বা ইউনিটে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ল অফিসার:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক, এর পাশাপাশি কোনও ল ফার্ম বা সংস্থায় অথবা কোর্টে আইনজীবী হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। হিন্দি ও ইংরেজি ভাষায় দক্ষ হতে হবে।

**কোয়ালিটি কন্ট্রোল অফিসার:** ২০টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যানালিটিক্যাল বা ফিজিক্যাল বা অর্গানিক বা ইনঅর্গানিক কেমিস্ট্রিতে এম এসসি। এর পাশাপাশি কোনও কেমিক্যাল টেস্টিং ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পেট্রোলিয়াম পণ্য টেস্টিংয়ে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**হিউম্যান রিসোর্স অফিসার:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফায়ার অ্যান্ড সেফটি অফিসার:** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: ফায়ার ইঞ্জিনিয়ারিং বা ফায়ার অ্যান্ড সেফটি ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে অন্তত ১ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। ওজন অন্তত ৫০ কেজি (মহিলাদের ক্ষেত্রে অন্তত ৪৬ কেজি)। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬.৫ সেমি। দৃষ্টিশক্তি: চশমা-ছাড়া উভয় চোখে ৬/৬ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক দৃষ্টি, তোতলামি থাকা চলবে না। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১৯-৮-২০১৯ তারিখে কোয়ালিটি কন্ট্রোল অফিসার, হিউম্যান রিসোর্স অফিসার এবং ফায়ার অ্যান্ড সেফটি অফিসার পদের ক্ষেত্রে ৩০ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন।

কোয়ালিটি কন্ট্রোল অফিসার পদে নিয়োগ করা হবে ই-ওয়ান গ্রেডে। **বেতন** ৪০,০০০-১,৪০,০০০ টাকা। বাকি সবক'টি পদের ক্ষেত্রে নিয়োগ করা হবে ই-থ্রি গ্রেডে। **বেতন** ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ এবং গ্রুপ টাস্কের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। অবজেকটিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড (লজিক্যাল রিজনিং, ডেটা ইন্টারপ্রিটেশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ) এবং সংশ্লিষ্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে https://hindustanpetroleum.com দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর। দরখাস্তের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর এক কপি ফটো আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। জি এস টি ও সার্ভিস চার্জ অতিরিক্ত। ফি দেওয়া যাবে ডেবিট ও ক্রেডিট কার্ডের মাধ্যমে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়- মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন কুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৯** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না। এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

### এক ডজন কুইজ

1. পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
   A. মহম্মদ আলি জিন্না B. লর্ড মাউন্টব্যাটেন C. জুলফিকার আলি ভুট্টো
2. এ ডল্স হাউস-এর লেখক কে?
   A. হেনরিক ইবসেন B. লিও তলস্তয় C. জর্জ অরওয়েল
3. রবীন্দ্রনাথ কোন সালে প্রথম শান্তিনিকেতনে যান?
   A. ১৮৭৩ B. ১৯৭৩ C. ১৯০২
4. কোন গ্রহের কোনো উপগ্রহ নেই?
   A. শনি B. শুক্র C. বৃহস্পতি
5. ত্রিভুজের বৃহত্তম বাহুটির বিপরীত কোণটি কী হয়?
   A. ক্ষুদ্রতম B. বৃহত্তম C. কোনোটিই নয়
6. পৃথিবীর থেকে সূর্য কত গুণ বড়?
   A. প্রায় ১৩ কোটি B. প্রায় ১৩ লক্ষ C. প্রায় ১৩ হাজার
7. কোন এককে সমুদ্রের গভীরতা মাপা হয়?
   A. লিমি B. ফ্যাদম C. লুমেন
8. কোন গাছ থেকে মরফিন পাওয়া যায়?
   A. গাঁজা B. পোস্ত C. সরষে
9. ক্ষতস্থানের পুঁজ আসলে কী?
   A. জীবাণু B. মৃত জীবাণু C. মৃত শ্বেত রক্তকণিকা
10. কম্পিউটারে সময় কীভাবে লেখা হয়?
   A. সেকেন্ড মিনিট ঘণ্টা B. মিনিট সেকেন্ড ঘণ্টা C. ঘণ্টা মিনিট সেকেন্ড
11. পৃথিবীর প্রথম সবাক ছবি তৈরি হয় কোন সালে?
   A. ১৭২৭ B. ১৮২৭ C. ১৯২৭
12. বুদ্ধদেবের মৃত্যুর পর বৌদ্ধ ধর্ম কভাগে বিভক্ত হয়ে যায়?
   A. তিন B. চার C. দুই

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন কুইজ

Name: ..........

Address: ..........

Pin Code: ..........

Ph./Mob. No.: ..........

আগস্ট, ২০১৯

**জুন, ২০১৯ কুইজের উত্তর:** 1-B, 2-C, 3-A, 4-B, 5-C, 6-A, 7-B, 8-B, 9-C, 10-A, 11-B, 12-C

**মার্চ, ২০১৯ কুইজে পুরস্কার জয়ী :** অদিতি রায়, হুগলি; অজয় রায়, হুগলি; নীলাদ্রি নস্কর, সোনারপুর; সায়ন্তন রাহা, উত্তর দিনাজপুর; সুরজিৎ বাগ, পশ্চিম মেদিনীপুর। **পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।**

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## স্কলারশিপের খোঁজখবর

### ম্যাথমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ছাত্রছাত্রীদের স্কলারশিপ

ম্যাথমেটিক্স নিয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরত (এম এ বা এম এসসি) ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ন্যাশনাল বোর্ড ফর হায়ার ম্যাথমেটিক্স। এটি কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। স্কলারশিপের মেয়াদ ২ বছর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাথমেটিক্সে অনার্স-সহ প্রথম শ্রেণিতে বি এ বা বি এসসি অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ম্যাথমেটিক্সে বি এ বা বি এসসি উত্তীর্ণ। ম্যাথমেটিক্স নিয়ে এম এসসি প্রথম বর্ষ অথবা ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে তৃতীয় বা চতুর্থ বর্ষ উত্তীর্ণ ছাত্রছাত্রীরাও আবেদনের যোগ্য। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

স্কলারশিপ হিসেবে দেওয়া হবে প্রতি মাসে ৬,০০০ টাকা। প্রতি শিক্ষাবর্ষের ফলাফল বিচার করে স্কলারশিপ নবীকরণ করা হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১৯ অক্টোবর (শনিবার)। লিখিত পরীক্ষার সময়সীমা আড়াই ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৬ সেপ্টেম্বর থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nbhmscholarships.in আবেদনের শেষ তারিখ ২৫ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: query@nbhmscholarships.in

### স্টেট লেভেল ন্যাশনাল ট্যালেন্ট সার্চ পরীক্ষার মাধ্যমে দশম শ্রেণিতে পাঠরতদের সরকারি স্কলারশিপ

পশ্চিমবঙ্গের যে-কোনও স্কুলে দশম শ্রেণিতে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রাজ্য সরকার। প্রার্থী বাছাই করা হবে 'স্টেট লেভেল ন্যাশনাল ট্যালেন্ট সার্চ এক্সামিনেশন, ২০২০'-র মাধ্যমে। পরীক্ষা ১৭ নভেম্বর। পশ্চিমবঙ্গের সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পাঠরত ছাত্রছাত্রীরা এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন। ছাত্রছাত্রী যে জেলার স্কুলে পড়াশোনা করে সেই জেলা থেকেই স্কলারশিপের জন্য আবেদন করতে পারবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নবম শ্রেণি পাশ। দূরশিক্ষার মাধ্যমে যাঁরা পড়াশোনা করছেন এবং প্রথম বারের জন্য দশম শ্রেণির পরীক্ষা দিতে চলেছেন, তাঁরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে প্রার্থীর কোনও রকম পেশার সঙ্গে যুক্ত থাকা চলবে না এবং বয়স হতে হবে ১৮ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'পর্যায়ে— মেন্টাল এবিলিটি টেস্ট (১০০ নম্বর) এবং স্কলাসটিক অ্যাপ্টিটিউড টেস্ট (১০০ নম্বর)। স্কলাসটিক অ্যাপ্টিটিউড টেস্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, হিস্ট্রি, জিওগ্রাফি, পলিটিক্যাল সায়েন্স এবং ইকনমিক্স বিষয়ে। উভয় পর্যায়েই নবম ও দশম শ্রেণি স্তরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পর্যায় প্রতি সময়সীমা ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.wbsed.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন আবেদনের সময় প্রার্থীর ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি প্রার্থী যে প্রতিষ্ঠানে পড়াশোনা করছেন তার প্রধানকে দিয়ে প্রত্যয়িত করিয়ে নেবেন। এটি আবার আপলোড করতে হবে। এর পাশাপাশি ওয়েবসাইট থেকে ডাউনলোড করা সার্টিফিকেটটিও স্কুল প্রধানের দ্বারা প্রত্যয়িত করিয়ে আপলোড করতে হবে। সার্টিফিকেটের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। তার সঙ্গে আপলোড করতে হবে এই সব নথি: বার্ষিক পারিবারিক আয়ের প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। প্রতিটি ফাইলের সাইজ হতে হবে ১০০ কেবি-র মধ্যে। সবক'টি নথি আপলোডের পর 'ফাইনালাইজ অ্যাপ্লিকেশন' অপশনটির মাধ্যমে সাবমিট করতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই আই ডি-তে: helpscholarships@gmail.com

### গঙ্গাসাগর বকখালি ডেভেলপমেন্ট অথরিটিতে চাকরি

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) এবং জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার পদে ৪ জনকে নিয়োগ করবে গঙ্গাসাগর বকখালি ডেভেলপমেন্ট অথরিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 06 of 2019.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কলকাতা পুরসভায় ভেক্টর কন্ট্রোল অফিসার

ভেক্টর কন্ট্রোল অফিসার পদে ৩ জনকে নিয়োগ করা হবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 05 of 2019.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৮ ডিসেম্বর

*প্রথম পাতার পর*

সি টি ই টি পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের প্রার্থীদের ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং ২ বছরের ব্যাচেলর অব এডুকেশন (বি এড)।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষকপদের প্রার্থীদের ক্ষেত্রে: গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা (ডি এল এড)। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে ১ বছরের বি এড বা স্পেশ্যাল এডুকেশনে বি এড ডিগ্রি। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল, সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ব্যাচেলর ডিগ্রি (বি এল এড) অথবা বি এ (এড) বা বি এসসি (এড)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং এন সি টি ই রেগুলেশনস অনুসারে ১ বছরের বি এড ডিগ্রি।

সব ক্ষেত্রেই শিক্ষক-শিক্ষণের ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

সব ক্ষেত্রেই স্পেশ্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষণ কোর্স রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) এবং সাধারণ শিক্ষক-শিক্ষণ কোর্স এন সি টি ই কর্তৃক স্বীকৃত হতে হবে।

সি টি ই টি-তে বসার জন্য বয়সের কোনও বিধিনিষেধ নেই। তবে এই পরীক্ষায় সফলরা স্কুলে চাকরির জন্য আবেদন করলে সংশ্লিষ্ট স্কুলের নিয়মকানুন মানতে হবে।

সি-টেট পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দু'টি পত্রের পরীক্ষা। যাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাঁরা প্রথম পত্রের এবং যাঁরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য বিবেচিত হতে চান তাঁরা দ্বিতীয় পত্রের উত্তর করবেন। যাঁরা উভয় স্তরের জন্যই বিবেচিত হতে চান তাঁদের দু'টি পত্রেরই উত্তর দিতে হবে।

পরীক্ষা ৮ ডিসেম্বর (রবিবার)। প্রথম পত্রের পরীক্ষা সকাল সাড়ে ৯টা থেকে, দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে। প্রতি পত্রের জন্য সময় আড়াই ঘণ্টা। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র দুর্গাপুর (সিটি কোড ২০৯) ও কলকাতা (সিটি কোড ২১০)।

পেপার ওয়ানে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২, ম্যাথমেটিক্স, এনভায়রনমেন্টাল স্টাডিজ। প্রতিটি বিভাগ ৩০ নম্বরের। মোট ১৫০ নম্বর। পেপার টুয়ে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২ (প্রতিটি বিভাগ ৩০ নম্বরের) এবং ম্যাথমেটিক্স ও সায়েন্স টিচারের ক্ষেত্রে ম্যাথমেটিক্স অ্যান্ড সায়েন্স অথবা সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স টিচারের ক্ষেত্রে সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স (৬০ নম্বর)। নেগেটিভ মার্কিং নেই। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে নভেম্বরের তৃতীয় সপ্তাহ থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ctet.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর ফটো (১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি জমা দেওয়া যাবে অনলাইন এবং অফলাইন, দু'পদ্ধতিতেই। ফি বাবদ দিতে হবে একটি পেপারের পরীক্ষা দিতে চাইলে ৭০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫০ টাকা) এবং দু'টি পেপারের পরীক্ষা দিতে চাইলে ১,২০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ই-চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে সিন্ডিকেট ব্যাঙ্ক বা কানাড়া ব্যাঙ্কের যে-কোনও শাখায়। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এ ছাড়া নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের সাহায্যে অনলাইনে ফি জমা দিতে পারেন। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর, বিকেল সাড়ে ৩টে।

ফি জমা দিয়ে যথাযথ ভাবে পূরণ করা অনলাইন দরখাস্ত সাবমিট করার পর কনফার্মেশন পেজ-এর এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। এটি নিজের কাছে রেখে দেবেন। কোথাও পাঠাতে হবে না। পরে প্রয়োজন হবে। ফর্ম পূরণের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করার সুযোগ পাওয়া যাবে ২৭ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

স্ট্যাটিস্টিক্স, সংস্কৃত, এডুকেশন-সহ বিভিন্ন বিষয়ের জন্য ১২ জন অধ্যাপক নেবে বর্ধমান বিশ্ববিদ্যালয়। নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং প্রফেসর পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2019-2020.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৬ অগস্টের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা।

মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা এবং সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা।

ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

বর্ডার রোডস অর্গানাইজেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে ইলেক্ট্রিক্যাল বা অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা এবং সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা। বর্ডার রোডস অর্গানাইজেশনে শুধুমাত্র ছেলেরাই আবেদন করবেন।

সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশুওরেন্স (ন্যাভাল)-এ জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং মেকানিক্যাল) পদের ক্ষেত্রে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**বয়স:** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) ও সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে।

সব ক্ষেত্রেই বয়স হিসেব করবেন ১-১-২০২০ তারিখে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সব ক্ষেত্রেই ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি নন-গেজেটেড পদে।

প্রার্থী বাছাই হবে মোট ৫০০ নম্বরের অনলাইন (পেপার ওয়ান) ও লিখিত পরীক্ষার (পেপার টু) মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র: কলকাতা, হুগলি, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়ি।

পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারের সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। মোট সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। মোট সময় ২ ঘণ্টা। পরীক্ষার তারিখ এখনও কমিশনের তরফে জানানো হয়নি। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টু-এর পরীক্ষায় বসার জন্য যোগ্য বিবেচিত হবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১২ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। যদি আগেই রেজিস্ট্রেশন করিয়ে থাকেন তবে নতুন করে রেজিস্ট্রেশন করানোর দরকার নেই। পুরনো রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করেই সরাসরি লগ-ইন করে অনলাইন দরখাস্ত পূরণ করতে পারবেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় (পার্ট-টু রেজিস্ট্রেশন) প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

ফি বাবদ ১০০ টাকা এস বি আই চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় জমা দিতে হবে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর। সে ক্ষেত্রে ১৪ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে চালান ডাউনলোড করে নিতে হবে। এছাড়াও এস বি আই নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড বা ভিম ইউ পি আইয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। ফি জমা দেওয়ার পর ট্রানজ্যাকশন আই ডি পাওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় এডুকেশনাল কোয়ালিফিকেশন কোড, সাবজেক্ট কোড এবং ক্যাটেগরি কোড দরকার হবে। বিভিন্ন খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন স্টাফ সিলেকশন কমিশনের এই ওয়েবসাইট: https://ssc.nic.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে

# ১৫০ ড্রাইভার

*প্রথম পাতার পর*

বাধ্যতামূলক। এ ছাড়া ১৬-৮-২০১৯ তারিখ অনুসারে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি সংশ্লিষ্ট জোনের স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। গাড়ি মেরামতির কাজ জানলে এবং হেভি মোটর ভেহিক্যাল চালানোয় ২ বছরের অভিজ্ঞতা থাকলেও অগ্রাধিকার পাওয়া যাবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১১,৫০০ টাকা।

মনে রাখবেন, যে-কোনও একটি জোনের জন্য নির্দিষ্ট শূন্যপদে দরখাস্ত করা যাবে।

প্রাথমিক ভাবে প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা এবং ড্রাইভিং টেস্টের মাধ্যমে। বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in দরখাস্তের বয়ানটি এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓২ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন এবং অন্য ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে প্যান কার্ড বা পাসপোর্ট বা ভোটার কার্ড বা আধার কার্ড বা ফটো-সহ ই-আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম শংসাপত্র বা প্যান কার্ড বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা পাসপোর্ট বা স্কুল লিভিং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল।
- ✓মোটর রিপেয়ারিং বা সমতুল কাজের অভিজ্ঞতা থাকলে তার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: APPLICATION FOR THE POST OF DRIVER ON CONTRACTUAL BASIS, ZONE__________. দরখাস্ত ২৪ সেপ্টেম্বরের মধ্যে নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপবক্সে জমা দিতে হবে। ঠিকানা: State Health Transport Organisation, Swasthya Paribahan Bhawan, 142, A.J.C. Bose Road, Kolkata-700 014.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসরোয় চাকরি

*প্রথম পাতার পর*

(সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড TE02: ইলেক্ট্রনিক মেকানিক: ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

**ড্রাফটসম্যান-বি:** পোস্ট কোড DM01: ড্রাফটসম্যান-মেকানিক্যাল: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** পোস্ট কোড TA01: মেকানিক্যাল: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড TA02: ইলেক্ট্রনিক্স: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড TA03: সিভিল: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা।

**বয়স:** ১৩-৯-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মী, বিধবা, বিবাহ বিচ্ছিন্না এবং আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** টেকনিশিয়ান-বি এবং ড্রাফটসম্যান-বি-এর ক্ষেত্রে ২১,৭০০ টাকা এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ৪৪,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ অগস্ট থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। অনলাইন দরখাস্তের সময় একটি রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ডের মাধ্যমে। অফলাইনে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরপ্রদেশে ৭৫ জুনিয়র ফার্মাসিস্ট

৭৫ জন জুনিয়র ফার্মাসিস্ট-ওয়্যারহাউজ নেবে উত্তর প্রদেশ মেডিক্যাল সাপ্লাইজ কর্পোরেশন লিমিটেড। তিন বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রথমে ২ মাসের প্রবেশন। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডি ফার্ম বা বি ফার্ম বা ফার্ম ডি। সেই সঙ্গে ড্রাগস স্টোর ম্যানেজমেন্ট বা ড্রাগস সাপ্লাই চেন ম্যানেজমেন্টে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত প্রকল্পে কাজের অভিজ্ঞতা-সহ কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১৫-৮-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upmscl.samshrm.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (জে পি জি বা জেপেগ বা পি এন জি ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন যে-কোনও একটি ওয়েবসাইট: www.upmsc.in, www.sams.co.in

JIS UNIVERSITY
**Admission in B.Ed 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad